# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Ashar 10, 1433 Bangla, June 24, 2026, Wednesday, No. 169, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged world leaders to implement their commitments to combat effects of climate change. (R. Today: 26)

World Economic Forum President and CEO has met with Bangladesh Prime Minister -- Tarique Rahman has urged WEF to take coordinated steps in support of delta nations like Bangladesh. (R. Today: 23)

Prime Minister's Information and Broadcasting Adviser has said, court will decide whether Awami League will be officially banned as a political party. (BBC: 03)

LGRD and Cooperatives Minister has directed all concerned authoirities to work in a coordinated manner to tackle dengue situation. (R. Today: 26)

State Minister for Food has said, government is commited to keep price of rice stable in market. (Jago news: 22)

Bangladesh Water Developmenrt Board has issued a warning to residents along Teesta basin as the river water flows above danger level. (Jago News: 20)

'MV Banglar Joyjatra has successfully crossed strait of Hormuz after remained stuck in Persian gulf. (DW: 14)

Us has temporarily lifted oil sanctions on Iran for 60 days. (DW: 15)

Residents of Gaza have called for international intervention as Israel Defense forces pushed deeper into residential areas. (NHK: 14)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ১০, বাংলা ১৪৩৩, জুন ২৪, ২০২৬, বুধবার, নং- ১৬৯, ৫৬তম বছর**

# শিরোনাম

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বিশ্বনেতাদের জলবায়ু সংক্রান্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (রে. টুডে: ২৬)

বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এর প্রেসিডেন্ট ও সিইও আলোইস জভিংগি -- জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা বাংলাদেশ ও অন্যান্য ডেল্টা রাষ্ট্রগুলোর সহযোগিতায় ডব্লিউইএফকে সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান তারেক রহমানের। (রে. টুডে: ২৩)

দল হিসেবে আওয়ামী লীগ নিষিদ্ধ হবে কিনা সেটা নির্ধারন করবে আদালতে -- বললেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। (বিবিসি: ০৩)

উজানের ঢলে তিস্তা নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় স্থানীয়দের সতর্ক অবস্থানে থাকার পরামর্শ পানি উন্নয়ন বোর্ডের। (জাগো নিউজ: ২৬)

বাজারে চালের দাম স্থিতিশীল রাখতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন খাদ্য প্রতিমন্ত্রী। (জাগো নিউজ: ২২)

ডেঙ্গু প্রতিরোধে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা এলজিআরডি ও সমবায় মন্ত্রীর। (রে. টুডে: ২০)

১১৫ দিন পারস্য উপসাগরে আটকে থাকার পর হরমুজ প্রণালি অতিক্রম করেছে ‘এমভি বাংলার জয়যাত্রা ’। (ডয়েচে ভেলে: ১৪)

ইসরায়েলি বাহিনী আবাসিক এলাকাগুলোর গভীরে প্রবেশ করায় মানবিক পরিস্থিতির উন্নতির জন্য গাজার জনগণের আন্তর্জাতিক সাহায্যের আহ্বান। (এনএইচকে: ১৫)

আগামী ৬০ দিনের জন্য ইরানের তেল বিক্রির ওপর থেকে নিষেধাজ্ঞা সাময়িকভাবে প্রত্যাহার করেছে যুক্তরাষ্ট্র। (বিবিসি: ১৪)

# বিবিসি

## দল হিসেবে আওয়ামী লীগ নিষিদ্ধ হবে কিনা, সেটা নির্ধারিত হবে আদালতে : জাহেদ উর রহমান।

আওয়ামী লীগের কার্যক্রম এখন নিষিদ্ধ থাকলেও দলটি মানবতাবিরোধী অপরাধে যুক্ত ছিল কি না আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সেই বিচারের পর রাজনৈতিক দল হিসেবে নিষিদ্ধ হবে কি হবে না, সেটি নির্ধারিত হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার দুপুরে এক ব্রিফিং-এ এই কথা বলেন তিনি। মি. রহমান বলেন, "রাজনৈতিক দলগুলো আমি মনে করি, তারা একটা সিম্বোলিক কারণে আছে। কারণ হচ্ছে, একটা নিষিদ্ধ ঘোষিত দল, নিষিদ্ধ ঘোষিত আসলে কথাটা ঠিক না।'' ''আমরা টেকনিক্যালি যদি বলি, নাম যদি এভাবে বলি, আওয়ামী লীগ দলটা, নিষিদ্ধ হবে, কী হবে না- এই জিনিসটা একটু ক্লিয়ার করে রাখা দরকার, সেটা নির্ধারিত হবে আদালতে, আইসিটিতে। তারা মানবতাবিরোধী অপরাধে যুক্ত ছিল কী, ছিল না- সেই বিচারের পর নির্ধারিত হবে,'' বলেন মি. রহমান। আর এখন দলটির কর্মকাণ্ড নিষিদ্ধ রয়েছে বলে উল্লেখ করেন তিনি। ''যেটা হয়েছে, ওই পর্যন্ত যেহেতু তারা বিচারাধীন থাকবে, সেই পর্যন্ত তাদের কর্মকাণ্ড নিষিদ্ধ থাকবে, সন্ত্রাস দমন আইন-২০০৯-এর অধীনে। সো তাদের কর্মসূচি হচ্ছে নিষিদ্ধ। এই দলটা এখন যে-কোনো কর্মসূচি নিয়ে যদি মাঠে নামতে চায়, তারা একটা আইন ভঙ্গকারী কাজ করছে। সো সরকার সেখানে ব্যবস্থা নেবে, এটাই স্বাভাবিক এবং রাজনৈতিক দলগুলোর এখানে আসলে করার কিছু নেই," বলেন তথ্য উপদেষ্টা। আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে ঘিরে ছয় জেলায় সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্তের বিষয়ে তিনি মনে করেন, কোনো কিছু করার নৈতিক সাহস নেই আওয়ামী লীগের। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## আগামী সেপ্টেম্বর-অক্টোবর থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরু হতে যাচ্ছে : তথ্য উপদেষ্টা

আগামী সেপ্টেম্বর-অক্টোবর থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরু হতে যাচ্ছে বলে জানিয়েছেন তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার দুপুরে এক ব্রিফিং-এ মি. রহমান এ কথা জানান। স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগের নেতারা অংশগ্রহণ করতে পারবে কি না- এমন এক প্রশ্নের জবাবে তথ্য উপদেষ্টা বলেন, স্থানীয় সরকার নির্বাচনে কোনো দলই পার্টিসিপেট করে না। তথ্য উপদেষ্টা বলেন, "বিএনপিও পার্টিসিপেট করে না, জামায়াতও করে না, আওয়ামী লীগও করবে না। হ্যাঁ বিএনপির একজন নেতা করতে পারেন, কিন্তু তিনি ওখানে নির্দলীয় হিসেবে যাবেন।'' মি. রহমান বলেন, "যেহেতু আগামী সেপ্টেম্বর-অক্টোবর থেকে শুরু হতে যাওয়া স্থানীয় সরকার নির্বাচনগুলো সম্পূর্ণ নির্দলীয় বা দলীয় প্রতীক ছাড়া হবে, তাই সেখানে আইনি কোনো বাধা নেই।'' ''অতীতে কেউ আওয়ামী লীগ করলেও, তিনি যদি কোনো অপরাধের সাথে জড়িত না থাকেন বা তার বিরুদ্ধে মামলা না থাকে, তবে তিনি ব্যক্তি হিসেবে অংশ নিতে পারবেন। কিন্তু কোনো দলীয় ব্যানার, স্লোগান বা দলীয় কর্মসূচি সামনে আনা যাবে না। অপরাধী হলে তাকে বিচারের মুখোমুখি হতেই হবে,'' বলেন তথ্য উপদেষ্টা মি. রহমান। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের ১৮ আইন কর্মকর্তার একযোগে পদত্যাগ

জুলাই সনদ বাস্তবায়ন, বিচার বিভাগের স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠায় ব্যর্থতাসহ সরকারের কিছু পদক্ষেপ এবং মৌলিক মতপার্থক্যের কথা উল্লেখ করে সুপ্রিম কোর্টের অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের সাত ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১১ সহকারী অ্যাটর্নি জেনারেল পদত্যাগ করেছেন। মঙ্গলবার দুপুরে তারা পদত্যাগপত্র জমা দিয়েছেন। অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল পদত্যাগপত্র পেয়েছেন বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন। তিনি জানান, ব্যক্তিগত কারণ দেখিয়ে তিন সহকারী আইন কর্মকর্তা এবং বাকি ১৫ জন জুলাই সনদসহ একই কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন। "আমি দুর্ভাগ্যজনকভাবে দেখছি, তারা পদত্যাগপত্রে এই বিষয়টি উল্লেখ করেছেন, যেটি একটি রাজনৈতিক দল এবং তারা যে রাজনৈতিক দলকে সমর্থন করেন, সেই দলেরই রাজনৈতিক এজেন্ডা। এই কথা উল্লেখের মাধ্যমে এতদিন পর্যন্ত তারা রাষ্ট্রের পক্ষে আইন কর্মকর্তা হিসেবে নিযুক্ত ছিলেন, তাদের নিরপেক্ষতা, সততা, দেশপ্রেম এবং দায়িত্ব ও কর্তব্যের প্রতি তাদের নিষ্ঠাকে প্রশ্নবিদ্ধ করছে" বলে মনে করেন অ্যাটর্নি জেনারেল। পদত্যাগ করা ১৮ আইন কর্মকর্তারই জামায়াতে ইসলামীর সাথে সম্পৃক্ততা রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেলের পদত্যাগপত্র হাতে পেয়েছে বিবিসি বাংলা। মুহাম্মদ তারিকুল ইসলাম নামের এই ডিএজি পদত্যাগপত্রে বলেছেন, "সতর্ক বিবেচনার পর, আমি এই সিদ্ধান্তে উপনীত হয়েছি, বর্তমান সরকারের কিছু সাম্প্রতিক পদক্ষেপ এবং অবস্থানের বিষয়ে মৌলিক মতপার্থক্যের কারণে আমি আর এই পদে বহাল থাকতে পারছি না।" "জনগণের দ্বারা ব্যক্ত ম্যান্ডেট বা রায় এবং আকাঙ্ক্ষা অনুযায়ী জুলাই সনদ বাস্তবায়নে ব্যর্থতার কারণে আমি গভীরভাবে উদ্বিগ্ন। বিচার বিভাগের জন্য একটি সমানভাবে স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারের বিরোধিতা এবং বিচারিক স্বাধীনতার সাথে সম্পর্কিত বিষয়গুলোতে সরকারের অবস্থানের কারণেও আমি সমানভাবে উদ্বিগ্ন," লিখেছেন এই ডিএজি। উদ্ভূত পরিস্থিতিতে, বিবেকের কাছে পরিষ্কার থেকে পদের দায়িত্ব পালন চালিয়ে যেতে নিজেকে অক্ষম মনে করে ডিএজি পদ থেকে পদত্যাগ করেছেন বলে উল্লেখ করেছেন মি. ইসলাম। একইসঙ্গে পদত্যাগপত্র অবিলম্বে কার্যকর করার মাধ্যমে গ্রহণ করার কথাও উল্লেখ করেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## আগামী ৪৮ ঘণ্টায় লালমনিরহাট, রংপুর জেলার নিম্নাঞ্চলে পানি বাড়তে পারে বলে সতর্ক বার্তা

আগামী ৪৮ ঘণ্টায় নীলফামারি, লালমনিরহাট, কুড়িগ্রাম ও রংপুর জেলায় তিস্তা, ধরলা ও দুধকুমার নদী সংলগ্ন নিম্নাঞ্চল এলাকার কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে বলে সতর্কবার্তা দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। মঙ্গলবার এই সতর্কবার্তা দেওয়া হয়েছে। এছাড়াও আগামী ৭২ ঘণ্টায় নেত্রকোণা, ময়মনসিংহ ও শেরপুর জেলায় ভুগাই, কংস, সোমেশ্বরী এবং সিলেট ও সুনামগঞ্জ জেলায় সুরমা-কুশিয়ারা নদী সংলগ্ন নিম্নাঞ্চল এলাকার কোখাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে জানিয়েছে পূর্বাভাস কেন্দ্র। এছাড়া, গত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চট্টগ্রাম বিভাগের সাঙ্গু ও মাতামুহুরী নদীর পানি সমতলে বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। এছাড়া গোমতী, মুহুরী, ফেনী, হালদা ও নদীগুলোর পানি সমতলে কমেছে অন্যদিকে সেলোনিয়া নদীর পানি সমতলে স্থিতিশীল রয়েছে। আগামী তিনদিনে চট্টগ্রাম বিভাগের এই নদীগুলোর পানি সমতলে বাড়তে পারে বলে পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## আগামী ৪৮ ঘণ্টায় লালমনিরহাট, রংপুর জেলার নিম্নাঞ্চলে পানি বাড়তে পারে বলে সতর্ক বার্তা

আগামী ৪৮ ঘণ্টায় নীলফামারি, লালমনিরহাট, কুড়িগ্রাম ও রংপুর জেলায় তিস্তা, ধরলা ও দুধকুমার নদী সংলগ্ন নিম্নাঞ্চল এলাকার কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে বলে সতর্কবার্তা দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। মঙ্গলবার এই সতর্কবার্তা দেওয়া হয়েছে। এছাড়াও আগামী ৭২ ঘণ্টায় নেত্রকোণা, ময়মনসিংহ ও শেরপুর জেলায় ভুগাই, কংস, সোমেশ্বরী এবং সিলেট ও সুনামগঞ্জ জেলায় সুরমা-কুশিয়ারা নদী সংলগ্ন নিম্নাঞ্চল এলাকার কোখাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে জানিয়েছে পূর্বাভাস কেন্দ্র। এছাড়া, গত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চট্টগ্রাম বিভাগের সাঙ্গু ও মাতামুহুরী নদীর পানি সমতলে বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র। এছাড়া গোমতী, মুহুরী, ফেনী, হালদা ও নদীগুলোর পানি সমতলে কমেছে অন্যদিকে সেলোনিয়া নদীর পানি সমতলে স্থিতিশীল রয়েছে। আগামী তিনদিনে চট্টগ্রাম বিভাগের এই নদীগুলোর পানি সমতলে বাড়তে পারে বলে পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## ধানমন্ডি, শাহবাগ, বাংলামোটর ও মহাখালীসহ ঢাকার বিভিন্ন পয়েন্টে বিজিবি মোতায়েন

আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঢাকার ধানমন্ডি, শাহবাগ, বাংলামোটর, কারওয়ান বাজার, শের-ই-বাংলা নগর ও মহাখালীসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরীফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। সরকারের নির্দেশনা অনুযায়ী রাজধানীর বিভিন্ন কৌশলগত এলাকায় বিজিবির সদস্যরা দায়িত্ব পালন করছেন বলে জানান তিনি। "জননিরাপত্তা নিশ্চিত করা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিজিবি মোতায়েন করা হয়েছে," জানান তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠা বার্ষিকী ঘিরে ঢাকায় ১৮ নেতা-কর্মী গ্রেফতার

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৭৭ তম প্রতিষ্ঠা বার্ষিকীকে ঘিরে ঢাকার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে **১৮** জন নেতা-কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার ঢাকা মেট্রোপলিটন পুলিশ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। ডিএমপি জানিয়েছে, রাজধানীর **১২**টি থানায় অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের মোট **১৮** সদস্যকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে, রমনা থানা থেকে দুইজন, শাহবাগে একজন, ধানমন্ডি থেকে দুইজন, হাজারীবাগ দুইজন, বংশালে একজন, সূত্রাপুর থেকে একজনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়াও পল্টন থেকে একজন, তেজগাঁও থানা থেকে দুইজন, তেজগাঁও শিল্পাঞ্চল থেকে একজন, মিরপুর থেকে তিনজন, পল্লবী থেকে একজন এবং কাফরুল থানা থেকে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ। একইসঙ্গে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন থাকার কথাও জানানো হয়েছে। এর আগে, সোমবার থেকেই দলটির প্রতিষ্ঠা বার্ষিকীকে ঘিরে নাশকতার আশঙ্কায় ঢাকাসহ ছয় জেলায় সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## সাংবাদিকদের 'আওয়ামী লীগের দোসর' আখ্যা দিয়ে জামায়াত কর্মীদের মারধরের অভিযোগ

ঢাকার ধানমন্ডি ৩২ নম্বরে একটি বিক্ষোভ কর্মসূচি শেষে সাংবাদিকদের 'আওয়ামী লীগের দোসর' আখ্যা দেওয়া নিয়ে জামায়াতে ইসলামীর নেতা-কর্মীর সাথে বাকবিতণ্ডা ও মারধরের অভিযোগ উঠেছে। বাংলাদেশের একটি সংবাদপত্র দৈনিক সকালের মাহফুজুর রহমান শিশির নামে একজন সাংবাদিককে এ সময় মারধরের অভিযোগ উঠেছে। এদিকে, এই ঘটনায় দুঃখপ্রকাশ করেছে জামায়াতে ইসলামী। মঙ্গলবার সকালে জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের নেতা-কর্মীরা আওয়ামী লীগ বিরোধী একটি বিক্ষোভ মিছিল বের করে। বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে এই সংক্রান্ত ভিডিও প্রকাশিত হয়েছে। এসব ভিডিওতে দেখা যায়, একজন সাংবাদিককে রাস্তায় ফেলে মারধর করছেন মিছিলে অংশ নেওয়া জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরা। এ সময় অন্য সাংবাদিকদের উপরও হামলা করতে উদ্যত হলে তারা হাতে থাকা ক্যামেরা ও ট্রাইপড উপরে উঠিয়ে নিজেদের 'আমরা সাংবাদিকতো' বলে পরিচয় দিচ্ছেন বলে ভিডিওতে

দেখা যায়। কিন্তু জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরা আবারও তাদের মারতে উদ্যত হলে বারবার নিজেদের সাংবাদিক পরিচয় দিতে দেখা যায় সাংবাদিকদের। এই ঘটনার পর সেখানকার পরিস্থিতি কিছুটা উত্তপ্ত হলেও ব্যাপক সংখ্যক আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের উপস্থিতিতে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

উল্লেখ্য, মঙ্গলবার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৭৭তম প্রতিষ্ঠা বার্ষিকীকে ঘিরে অতিরিক্ত পুলিশ মোতায়েন ছিল ধানমন্ডির প্রতিটি গুরুত্বপূর্ণ সড়কে। এদিকে, এই ঘটনাকে অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত ও দুঃখজনক ঘটনা উল্লেখ করে দুঃখ প্রকাশ করেছে জামায়াতে ইসলামী। জামায়াতে ইসলামীর ফেসবুক পেইজে দলটির কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এহসানুল মাহবুব জুবায়ের বলেন, "এই ঘটনার পেছনে প্রকৃতপক্ষে কারা জড়িত এবং কীভাবে এই ভুল বোঝাবুঝির সূত্রপাত হলো, তা খতিয়ে দেখতে দলের পক্ষ থেকে একটি অভ্যন্তরীণ পর্যালোচনা করা হবে। যদি আমাদের কোনো স্তরের কর্মীর সংশ্লিষ্টতা প্রমাণিত হয়, তবে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।" (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## জাহেদ উর রহমানের ভ্রমণ প্রসঙ্গে যা বললেন ভারতের পররাষ্ট্র মুখপাত্র

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান একটি সম্মেলনে যোগ দিতে ভারতের রাজধানী দিল্লিতে যান। সেখানে তাকে ইমিগ্রেশনের বাধার মুখে পড়তে হয়। দীর্ঘ সময় দিল্লি বিমানবন্দরে বসে থাকার পর শেষ পর্যন্ত সোমবার দুপুর নাগাদ ঢাকায় ফিরে যান। এই ঘটনায় বিতর্ক তৈরি হয়। অবশেষে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টিতে তাদের বক্তব্য স্পষ্ট করেছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রনধীর জয়সওয়াল জানান, জাহেদ উর রহমান তার ব্যক্তিগত বেসরকারি (প্রাইভেট) পাসপোর্ট নিয়ে দিল্লিতে এসেছিলেন। তার সার্ক ভিসা ছিল। ইমিগ্রেশনে জিজ্ঞাসাবাদের পর জানা যায়, তিনি একটি সম্মেলনে যোগ দিতে এসেছেন এবং তাকে প্রবেশের অনুমতি দেওয়া হয়। যদিও তিনি বৈঠকে যোগ না দিয়ে ঢাকা ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেন। গত ১৪ জুন একটি সম্মেলনে যোগ দিতে রোববার দিল্লিতে গেলেও ইমিগ্রেশনের বাধার মুখে পড়েন জাহেদ উর রহমান। তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রীর পলিসি ও স্ট্র্যাটেজি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বিষয় উপদেষ্টা এবং তার পদমর্যাদা প্রতিমন্ত্রীর সমান। দিল্লি বিমানবন্দরে তাকে জিজ্ঞাসাবাদ করা হয় এবং তাকে বসে থাকতে হয়। যদিও বাংলাদেশ হাইকমিশনসহ নানা পক্ষের তৎপরতায় তাকে শেষ পর্যন্ত দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছিল, তবে পর শেষ পর্যন্ত ফিরে আসার সিদ্ধান্ত নেন। পরে ভারতের ভারপ্রাপ্ত হাই কমিশনারকে ডেকে ঢাকার প্রতিবাদপত্র তার হাতে তুলে দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## সাতাত্তর বছরের আওয়ামী লীগ সংকটে বিপর্যস্ত, কী করছে দলটি?

আওয়ামী লীগের বয়স ৭৭ বছর পুরো হলো এমন এক সময়, যখন দলটির রাজনৈতিক কর্মসূচি নিষিদ্ধ রয়েছে প্রায় দুই বছর ধরে। এমন সংকটে বিপর্যস্ত এই দলকে মাঝেমধ্যে সড়কে ঝটিকা মিছিল আর সামাজিক মাধ্যমে সক্রিয়তা- মোটামুটি এভাবেই দেখা যাচ্ছে। বারবার ফেরত আসার কথা বললেও ২০২৪ সালে গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগের সরকারের পতন হওয়ার পর থেকে এখনও রাজনীতির মাঠে সক্রিয় হতে পারেনি দলটি। যদিও সাম্প্রতিক সময়ে আওয়ামী লীগের নেতা-কর্মীদের ঝটিকা মিছিলের মাধ্যমে তৎপরতা বেড়েছে, কিন্তু এর সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে তাদের গ্রেফতার হওয়া নেতাকর্মীর সংখ্যাও। অন্তর্বর্তী সরকারের সময়ে আওয়ামী লীগের কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়। নির্বাচিত সরকার ক্ষমতায় আসার পর দলটি রাজনীতিতে ফিরতে পারে, এমন আলোচনা ছিল রাজনীতিতে। কিন্তু সব সহযোগী ও অঙ্গসংগঠনসহ আওয়ামী লীগের কার্যক্রমে নিষেধাজ্ঞা বহাল রাখা, এমনকি তাদের প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা বাহিনীর জন্য বিশেষ সতর্কতা জারি করেছে বিএনপি সরকার। এমন রাজনৈতিক বাস্তবতায় অফলাইনে সীমিত আর অনলাইনের ব্যাপক তৎপরতায় দলটি আসলে কতটা সুবিধা করতে পারবে, উঠছে সেই প্রশ্নও। বিশ্লেষকেরা বলছেন, জুলাই গণ-অভ্যুত্থানকে ঘিরে তৎকালীন আওয়ামী লীগ শাসনের যে তৎপরতা, তা নিয়ে দলটির মধ্যে এখন পর্যন্ত কোনো অনুশোচনা দেখা যাচ্ছে না, যা দলটির মূলধারার রাজনীতিতে ফেরা, এমনকি জনসমর্থন পাওয়ার বিষয়টিকেও আরও কঠিন করে তুলতে পারে।

### কী করছে আওয়ামী লীগ?

প্রতিষ্ঠার ৭৭ বছরের ইতিহাসে দল হিসেবে আওয়ামী লীগ সবচেয়ে বিপর্যস্ত অবস্থায় রয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। গত বছরের নভেম্বরে মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্ব শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তার আগে একই বছরের মে মাসে সন্ত্রাসবিরোধী আইনের আওতায় আওয়ামী লীগ এবং এর সব সহযোগী ও অঙ্গসংগঠনের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করে অধ্যাদেশ জারি করে অন্তর্বর্তী সরকার। নির্বাচনের মাধ্যমে বিএনপি সরকার গঠনের পর জাতীয় সংসদেও সেই অধ্যাদেশ অনুমোদন হয়। ফলে স্বাভাবিকভাবেই দেশের ভেতরে দলটির কার্যক্রম চালানো আইন অনুযায়ী সম্ভব নয়। তা সত্ত্বেও দলটির নেতা-কর্মীদের রজাধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ঝটিকা মিছিল করতে দেখা গেছে, যা সাম্প্রতিক সময়ে আরও বেড়েছে। সঙ্গে বাড়ছে গ্রেফতার হওয়া নেতাকর্মীর সংখ্যাও। এছাড়া সামাজিক মাধ্যমেও রয়েছে দলটির কর্মী-সমর্থকদের সরব উপস্থিতি। অবশ্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে কুড়িগ্রাম চার আসন থেকে নির্বাচিত আওয়ামী লীগের সাবেক সংসদ

সদস্য বিপ্লব হাসান পলাশের দাবি, এগুলো তাদের বিশাল কর্মযজ্ঞের "ছোটো একটা অংশ"। তিনি বলছেন, তাদের একক শীর্ষ নেতৃত্ব সারা দেশের নেতা-কর্মীদের সাথে যুক্ত আছেন এবং তাদের করণীয় দিক-নির্দেশনা দিচ্ছেন। এছাড়া দলীয় নেতাদের অনেকে দেশের বাইরে কিংবা কারাগারে থাকায় নতুন করে দলের 'চেইন অব কমান্ড' সাজানোর মাধ্যমে আওয়ামী লীগকে সক্রিয় এবং জনসাধারণের সাথে যুক্ত হওয়ার চেষ্টা করছেন বলেও দাবি করেন এই নেতা। "কিছু বিদেশে আছে বা জেলাখানায় আছে, সে জায়গাগুলোর রিপ্লেসমেন্ট তৈরি করে দেওয়া। সেই দায়িত্বগুলো দেওয়া হচ্ছে। আন্দোলনের মাধ্যমেই মানুষের অধিকারের পাশাপাশি নেত্রীকে ফিরিয়ে নিয়ে আসা এবং আওয়ামী লীগকে স্বমহিমায় নেত্রীকে সমেত প্রতিষ্ঠা করার জন্য আওয়ামী লীগ কাজ করে যাচ্ছে," বলেন তিনি।

দলের বিষয়ে মি. পলাশ বিশেষ আশাবাদী হলেও, মাঠের রাজনীতিতে তা খুব একটা কাজে আসছে না বলেই মনে করছেন পর্যবেক্ষকরা। বরং তারা বলছেন, আওয়ামী লীগের এই নেতার মতো কয়েকজন ছাড়া শীর্ষ নেতৃত্বের বেশিরভাগই দেশের বাইরে থাকায় দলটির কার্যক্রম কেবল সামাজিক মাধ্যমেই সীমিত হয়ে আছে। সেটাও আবার অনেক সময় ভুয়া এবং অপতথ্য ছড়ানোর পাশাপাশি রুচির গণ্ডি পেরিয়ে যাচ্ছে, যা জনসংযোগের বিপরীতে দলটিকে জনবিচ্ছিন্নতার দিকে ঠেলে দিচ্ছে বলে মনে করছেন বিশ্লেষকরা। কিন্তু দীর্ঘ সময়ের অভিজ্ঞ একটি দল কেন তা করছে? ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও রাজনীতি বিশ্লেষক কাজী মারুফুল ইসলামের মতে, আওয়ামী লীগ নেতাদের অনেকেই দেশের বাইরে কিংবা পালিয়ে থাকার কারণে দলটির নেতৃত্ব সুসংগঠিত নেই। "ফলে সুসংগঠিতভাবে তৃণমূল পর্যায়ের মতামত নিয়ে সাংগঠনিক বিন্যাস করার সুযোগ দলটি পাচ্ছে না কিংবা তাদের যে শক্তি আছে, সেটার সম্পূর্ণ ব্যবহার দলটি করছে না," বলেন তিনি। তবে কোনো ধরনের অন্তর্ঘাতমূলক বা অপপ্রচারে না গিয়ে মূলধারার গণতান্ত্রিক কার্যক্রম ফিরে আসার আইনি প্রক্রিয়া মোকাবিলা করার মাধ্যমেই দলটির সক্রিয় হওয়ার সুযোগ নেওয়া উচিত বলে মনে করছেন অধ্যাপক ইসলাম। দেশের ভেতরে কার্যক্রম নিষিদ্ধ হলেও বিদেশে পালিয়ে থাকা নেতাকর্মীদের নিয়ে বিভিন্ন সময়ে নানা কর্মসূচি দিয়ে সক্রিয় হওয়ার চেষ্টা করছে আওয়ামী লীগ। এমনকি পশ্চিমা দেশগুলোতে যাওয়া এনসিপি নেতাদের ওপর ডিম ছুঁড়ে আক্রমণও তাদের নিয়মিত কর্মকাণ্ডের অংশ হয়ে উঠেছে।

যদিও বিপ্লব হাসান পলাশের দাবি, ডিম যাদের ছোঁড়া হচ্ছে সেটা তাদেরই "এক্টিভিটিজ"। একই সাথে তিনি দাবি করেন, "একজন কর্মক্ষম মানুষ যিনি কর্ম করে খাবে, সে তার কর্মস্থলে যেতে পারছে না। এই ধরনের ঘৃণার পরিবেশ যারা করেছে, মবোক্রেসির মাধ্যমে এটা করেছে। সেখানে ডিমটা প্রতীকী আর তাদের এক্টিভিটিজ তাদের বোঝানোর জন্য।" নিজেদের তৎপরতার মাধ্যমে কেবল দল গোছানোই নয়, জনগণের সাথে যুক্ত হওয়ার চেষ্টা চালানোর কথা বলছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা আ ফ ম বাহাউদ্দিন নাছিমও। তিনি বলেন, "বহুমাত্রিক প্রচেষ্টা আমরা চালাচ্ছি। সবগুলোই গণতান্ত্রিক। জনগণকে আমরা সবচেয়ে গুরুত্ব দিচ্ছি, জনগণের সাথে যুক্ত হওয়ার চেষ্টা করছি।" "আওয়ামী লীগের, তৃণমূলের এবং ১৪ দলের নেতাকর্মীরা, প্রগতিশীল মানুষরা যতটুকু সামর্থ আছে, ততটুকু নিয়েই তারা চেষ্টা চালাচ্ছে। এই চেষ্টাই সফল হবে এবং চেষ্টার মধ্যদিয়েই একদিন সফল হয়। আমাদের ইতিহাস আছে, ইতিহাস সাক্ষ্য দেয়। আমরা এভাবেই সফল হয়েছি," বিবিসি বাংলাকে বলেন মি. নাছিম। তবে রাজনীতি পর্যবেক্ষকদের মতে, নেতৃত্ব না থাকাই দলটির জন্য এখন প্রধান সংকট হয়ে দাঁড়িয়েছে। "এমন পরিস্থিতিতে নেতৃত্বের জায়গা থেকে দল পরিচালনার জন্য সম্ভাব্য স্ট্রাটেজি (কৌশল) কী হবে, কীভাবে তার স্বাভাবিক কার্যক্রমে ফিরে আসবে, তা নিয়ে হয়ত আওয়ামী লীগের মধ্যে একটা সংকট কাজ করছে। সে কারণেই তাদের কর্মকাণ্ডের মধ্যে একটা এলোমেলো ভাব আর এক ধরনের ভাবাবেগ কাজ করছে," বলছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক সাব্বির আহমেদ। ভাবাবেগতাড়িত না হয়ে বাস্তবতার নিরিখে সময়কে স্বীকার করে নিয়ে এগোলে আওয়ামী লীগ স্বাভাবিক কার্যক্রমে ফিরে আসতে পারবে বলে মনে করেন এই রাজনীতি বিশ্লেষক।

**নির্বাচিত সরকার আসার পরও বদলায়নি রাজনৈতিক বাস্তবতা**

গণ-অভ্যুত্থানের পর গঠন করা হয় অন্তর্বর্তী সরকার। সে সময়ই নিষিদ্ধ হয় আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগ, আর কার্যক্রম নিষিদ্ধ হয় আওয়ামী লীগসহ দলটির সব সহযোগী ও অঙ্গসংগঠনের। অনেকেই ধারণা করেছিলেন নির্বাচিত সরকার আসার পর পরিবর্তন হবে সেই দৃশ্যপটের। কিন্তু বাস্তব চিত্র একেবারেই ভিন্ন। নির্বাচিত বিএনপি সরকার রাজনীতিতে দলটিকে কোনো জায়গাতো করেই দেয়নি, বরং জাতীয় সংসদে অনুমোদনও দেয় আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের অধ্যাদেশ। ঝটিকা মিছিল থেকে ধরপাকড়তো চলছিলই, প্রতিষ্ঠাবার্ষিকী সামনে রেখে আইন-শৃঙ্খলা বাহিনীর বিশেষ সতর্কতা জারি করার পাশাপাশি কেবল রাজধানীতেই ১৮ হাজারের বেশি পুলিশ সদস্য মোতায়েন করা হচ্ছে। এছাড়া প্রতিষ্ঠাবার্ষিকীকে ঘিরে নাশকতার আশঙ্কায় ২২ থেকে ৩০ জুন- এই ৯ দিনের জন্য ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, চট্টগ্রাম, ফরিদপুর জেলায় সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। এনিয়ে সোমবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানান, "যে-কোনো রকমের অপতৎপরতা এড্রেস" করার জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি বলেন, "আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়নি, কিন্তু শৃঙ্খলা বাহিনী হিসেবে আমাদের সব সময় সতর্ক থাকতে হয়। কার্যক্রম নিষিদ্ধ মাফিয়া বাহিনী আওয়ামী লীগের কিছু অপতৎপরতা লক্ষ্য করা যাচ্ছে, বিভিন্ন ডিস্ট্রিক্টে আমরা দেখছি, তারা কিছু মিছিল-মিটিং করার মতো কিছু কার্যক্রম হাতে নিয়েছে দু'য়েকটা জায়গায়।" "তাতে করে আমাদের মনে হয়েছে, তারা হয়ত একটা অস্থিরতা সৃষ্টির

পাঁয়তারা করলেও করতে পারে। এই বিবেচনায় আমরা আমাদের সমস্ত বাহিনীগুলোকে সতর্ক থাকার জন্য নির্দেশনা দিয়েছি, যা তারা সব সময়ই থাকে," বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। সার্বিক দিক মিলিয়ে সহসাই আওয়ামী লীগের বর্তমান দৃশ্যপটের পরিবর্তন হবে না বলেই মনে করছেন রাজনীতি বিশ্লেষকরা। অধ্যাপক সাব্বির আহমেদ বলছেন, সংসদে কার্যক্রম নিষিদ্ধের আইন পাস করা থেকে বোঝা যাচ্ছে বিএনপি এই সিদ্ধান্ত এক-দুইদিনের জন্য নেয়নি। "এটা একটা দীর্ঘ সময়ের হিসাব মাথায় রেখেই করা হয়েছে। অন্তত পাঁচ বছরের মধ্যে দলটি ফিরতে পারবে না, তারা তা নিশ্চিত করলো। আওয়ামী লীগ আইনি প্রক্রিয়ায় যাত্রা শুরু করলেও সেটা সময় গড়িয়ে পাঁচ বছর যাবেই," বলেন তিনি। অনেকটা একই কথা বলছেন অধ্যাপক কাজী মারুফুল ইসলাম। তার মতে, বর্তমান ক্ষমতাসীনদের প্রবল প্রতিপক্ষ আওয়ামী লীগ। এখন যখন বিএনপি সরকার গঠনের পর সব প্রতিষ্ঠান গুছিয়ে নেওয়ার চেষ্টা করছে, তখন প্রবল প্রতিপক্ষকে তারা সুযোগ দেবে না বলেই মনে করছেন তিনি। "এতে আরও সময় লাগবে। তবে এটা করার জন্য দুটো রাস্তা আছে। একটা হচ্ছে আইনি পন্থা- আইনিভাবে মোকাবিলা করতে হবে।" "আরেকটা হচ্ছে, রাজনৈতিকভাবে মোকাবিলা করা। অর্থাৎ আওয়ামী লীগেরও এখন এই সরকারি দল এবং যে-সব রাজনৈতিক দল এই মুহূর্তে আছে, এদের সাথে রাজনৈতিক যে যোগাযোগ এবং যে বোঝাপড়ার জায়গাটার প্রতিও গুরুত্ব দিতে হবে," বলেন অধ্যাপক ইসলাম। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## কলকাতার 'সোহরাওয়ার্দী অ্যাভিনিউয়ের' নাম পরিবর্তন নিয়ে বিতর্ক কেন?

কলকাতার একটি পরিচিত রাস্তা 'সোহরাওয়ার্দী অ্যাভিনিউ'-এর নাম পাল্টে গোপাল মুখার্জী রোড করার ঘোষণা নিয়ে শুরু হয়েছে বিতর্ক। কলকাতা পৌর সংস্থার পক্ষ থেকে নেওয়া নাম বদলের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর একটি পোস্ট ওই বিতর্কে জুগিয়েছে আরও ইন্ধন। নাম বদলের ঘোষণার সঙ্গে সঙ্গে সামাজিক মাধ্যমে হিন্দুত্ববাদী অনেকের সোশাল হ্যান্ডেল থেকে লেখা হতে থাকে যে, "কলকাতার কসাইয়ের নামে রাস্তার নাম রাখা যাবে না"। হিন্দুত্ববাদীরা 'কলকাতার কসাই' বলতে যাকে বুঝিয়ে থাকেন, সেই হোসেন শহিদ সোহরাওয়ার্দী ছিলেন অবিভক্ত বাংলা প্রদেশের শেষ প্রধানমন্ত্রী। পরে তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রীও হয়েছিলেন। 'দ্য গ্রেট ক্যালকাটা কিলিংস' নামে পরিচিত ১৯৪৬ সালের ভয়াবহ দাঙ্গার সময়ে মি. সোহরাওয়ার্দীই ছিলেন প্রধানমন্ত্রী। দাঙ্গা থামাতে না পারা নিয়ে ইতিহাসবিদদের একাংশ তাকে দোষারোপ করেন। রাস্তাটি অবশ্য তার নামে ছিলই না। কলকাতার পার্ক সার্কাস অঞ্চলের ওই রাস্তাটি আসলে ছিল হাসান সোহরাওয়ার্দীর নামে। কলকাতা শহরের ইতিহাসবিদ হিসেবে যার গবেষণা উল্লেখযোগ্যভাবে স্বীকৃত, সেই পি থাঙ্কাপ্পন নায়ার তার বইতে তথ্যসূত্র দিয়ে সে কথা লিখে গেছেন। হাসান সোহরাওয়ার্দী ছিলেন অধ্যাপক, কূটনৈতিক, শিল্প সমালোচক ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলমান উপাচার্য। যে রাস্তার নাম বদলানো হয়েছে, সেখানেই শিক্ষাবিদ হাসান সোহরাওয়ার্দীর বাড়ি। সেখানে এখন রয়েছে কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসের গ্রন্থাগার ও তথ্য কেন্দ্র।

তবে হাসান সোহরাওয়ার্দী ও হোসেন শহিদ সোহরাওয়ার্দী দু-জনেই অবশ্য সম্পর্কে মামা-ভাগ্নে। কিন্তু দুই সোহরাওয়ার্দীর নাম গুলিয়ে ফেলেছেন অনেক সামাজিক মাধ্যম ব্যবহারকারী, এমনকি কয়েকটি সংবাদ মাধ্যমও এই নাম বিভ্রাটে ভুল শিরোনামে সংবাদ প্রকাশ করে দিয়েছিল। বিতর্কের শুরু অবশ্য হয়েছে শুভেন্দু অধিকারীর দেওয়া পোস্টকে ঘিরে। "এটি শুধুমাত্র একটি নাম পরিবর্তন নয়, ইতিহাসের এক গুরুত্বপূর্ণ সংশোধন। দীর্ঘদিন ধরে কলকাতার প্রাণকেন্দ্রে এমন এক ব্যক্তির নাম বহন করা হয়েছে, যাঁর ভূমিকা বিভাজন ও রক্তক্ষয়ের ইতিহাসের সঙ্গে জড়িত। আজ সেই অধ্যায়ের সংশোধন করে সাহস, আত্মত্যাগ ও রক্ষকের প্রতীক শ্রী গোপাল মুখার্জীকে' যথাযোগ্য সম্মান জানানো হলো," লেখা হয়েছিল শুভেন্দু অধিকারীর ভেরিয়ায়েড ফেসবুক পেজে। তিনি যে রাজনীতিবিদ হোসেন শহিদ সোহরাওয়ার্দীর দিকেই ইঙ্গিত করেছিলেন, তা স্পষ্ট। আবার যার নামে রাস্তার নতুন নামকরণ হলো, সেই গোপাল মুখার্জীও সেই 'দ্য গ্রেট ক্যালকাটা কিলিংস'-এর কারণেই পরিচিত। হিন্দুত্ববাদীরা মি. মুখার্জী, যিনি 'গোপাল পাঁঠা' নামে সুপরিচিত, তাকে ১৯৪৬-এর দাঙ্গার সময়ে 'হিন্দুদের রক্ষাকর্তা' হিসেবে তুলে ধরেন, আবার একজন 'মুসলিম-বিদ্বেষী' হিসেবে চিত্রিত করার চেষ্টাও করেন কেউ কেউ। তবে মি. মুখার্জী বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে বলেছিলেন যে, হিন্দুদের রক্ষা করতে তিনি অস্ত্র হাতে নেমেছিলেন ঠিকই, কিন্তু অনেক মুসলমানেরও প্রাণ বাঁচিয়েছিলেন তখন।

### কেন এ রাস্তাটির নাম বদলাতে চায় সরকার

এক বছর আগে মুক্তি পেয়েছিল পরিচালক ভিভেক অগ্নিহোত্রীর ছবি 'দ্য বেঙ্গল ফাইলস'। ওই ছবিটি মুক্তির সময় তৎকালীন বিরোধী দলনেতা ও বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছিলেন যে, কলকাতায় গোপাল মুখার্জী ওরফে গোপাল পাঁঠার নামে একটি রাস্তা থাকা উচিত। পরিচালক মি. অগ্নিহোত্রী দাবি করেছিলেন, "কলকাতার কসাইয়ের নামে রাস্তা থাকলেও গোপাল পাঁঠার নামে রাস্তা নেই।" এই গোপাল মুখার্জীকে তিনি কলকাতার দাঙ্গা থেকে 'হিন্দুদের বাঁচানোর নেতা' বলে উল্লেখ করেছিলেন। মি. মুখার্জীর একটি পাঁঠার মাংসের দোকান ছিল, যার থেকে তার নামকরণ হয় 'গোপাল পাঁঠা'। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কলকাতা পৌর সংস্থার নাম বদলের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ফেসবুকে লিখেছেন, "গতকাল পশ্চিমবঙ্গ দিবসের শুভক্ষণে সোহরাওয়ার্দী এভিনিউ-এর নাম পরিবর্তন করে স্বর্গীয় গোপাল

মুখার্জী-এর নামে 'গোপাল মুখার্জী রোড' নামকরণ করার জন্য কলকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের গৃহীত এই ঐতিহাসিক সিদ্ধান্তকে আন্তরিকভাবে সাধুবাদ জানাই।" "এটি শুধু একটি নাম পরিবর্তন নয়, ইতিহাসের এক গুরুত্বপূর্ণ সংশোধন।" তবে গোপাল মুখার্জী হিন্দু মহাসভা বা অন্য কোনো হিন্দুত্ববাদী সংগঠনের সঙ্গে জড়িত ছিলেন না, বরং কংগ্রেস নেতাদের ঘনিষ্ঠ ছিলেন বলেই জানা যায়। যদিও গোপাল মুখার্জী বিবিসির সাক্ষাৎকারে দাবি করেছিলেন, "আমি ডাক্তার বিসি রায়ের (বিধান চন্দ্র রায়) ঘনিষ্ঠ ছিলাম। আমি কোনো পার্টির নই। আমি মানুষকে সাহায্য করি। আমি কোনো পার্টি করি না।"

**কে ছিলেন হাসান সোহরাওয়ার্দী?**

যার নামে কলকাতার সোহরাওয়ার্দী অ্যাভিনিউয়ের নাম ছিল, সেই হাসান সোহরাওয়ার্দী ছিলেন, রাজনীতিবিদ ও পরবর্তীতে পাকিস্তানের প্রধানমন্ত্রী হোসেন শহিদ সোহরাওয়ার্দীর মামা। তিনি ছিলেন একজন শিক্ষাবিদ, জানাচ্ছিলেন গবেষক আলিমুজ্জামান। তিনি এই সোহরাওয়ার্দী পরিবারের ইতিহাস নিয়ে একটি বই রচনা করেছেন। মি. আলিমুজ্জামান জানান, "হাসান সোহরাওয়ার্দীর গ্রেট ক্যালকাটা কিলিংয়ের সঙ্গে যুক্ত, এমন কথা নিতান্তই ভুল। হাসান সোহরাওয়ার্দী এমন কোনো দাঙ্গার সঙ্গে যুক্ত ছিলেন না।" "তিনি ১৯৩০ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন এবং পরে তিনি লন্ডনের রয়্যাল কলেজ অফ সার্জনস-এর ফেলো হন। স্বাধীনতা সংগ্রামী বীণা দাসের গুলির আক্রমণ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন চ্যান্সেলর স্ট্যানলি জ্যাকসনকে বাঁচিয়ে তিনি ব্রিটিশ সরকারের থেকে নাইট উপাধি লাভ করেছিলেন। পরে যদিও তিনি সেই উপাধি ত্যাগ করেছিলেন," বলছিলেন মি. আলিমুজ্জামান।

**বিবিসিকে যা বলেছিলেন 'গোপাল পাঁঠা'**

বিবিসি রেডিওর জন্য সংবাদদাতা অ্যান্ড্রু হোয়াইটহেড কলকাতার ওয়েলিংটন স্কয়ারের কাছে একটা ঘরে বসে এক ঘণ্টারও বেশি সময় কথা বলেছিলেন গোপাল মুখার্জীর সঙ্গে। এই দুটি সাক্ষাৎকারই সম্ভব হয়েছিল বিবিসির প্রাক্তন কর্মী নাজেস আফরোজের মাধ্যমে। মি. আফরোজ বলছিলেন, "আমি খুঁজে খুঁজে তাদের বের করেছিলাম সেই সময়ে। অনেক চেষ্টা করে কথা বলতে রাজি করিয়েছিলাম গোপাল মুখার্জীকে। ওটাই সম্ভবত প্রথম এবং এখন পর্যন্ত তার একমাত্র সাক্ষাৎকার।" "আমার ছেলেরা কত যে মেরেছে, তার হিসাব নেই," বিবিসিকে বলেছিলেন মি. মুখার্জী। তবে তার ছেলেদের ওপরে কড়া নির্দেশ ছিল যে, মুসলমান নারীদের বা সাধারণ মুসলমান মানুষের গায়ে যেন হাত না পড়ে। 'গোপাল পাঁঠা' ১৯৪২ সালের 'ভারত ছাড়ো আন্দোলন'-এর সময়ে থেকেই দলবল জোগাড় করে রেখেছিলেন, তাদের কাছে সেই সময় থেকেই অস্ত্র মজুত ছিল। তবে ৪৬-এর দাঙ্গার সময়ে "যে যেখান থেকে যা পেয়েছে, সে একখানা ছুরি-কাটারি কি তলোয়ার, বন্দুক, পিস্তল আর কিছু সিকিওর করা ছিল ৪২-র মুভমেন্টের সময়ে," বিবিসিকে বলেছিলেন গোপাল মুখার্জী। তিনি বলছিলেন যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে মার্কিন সৈন্যবাহিনী যখন কলকাতায় অবস্থান নিয়েছিল, তাদের কাছ থেকেও অস্ত্র কিনে রাখা হয়েছিল। "আড়াইশো টাকা দিলে একটা ৪৫ পিস্তল (পয়েন্ট ৪৫ পিস্তল) আর ১০০ কার্টিজ দিয়ে দিত। এক বোতল হুইস্কি কিনে দিলে একটা পিস্তল আর একশো কার্টিজ দিয়ে দিত। এইভাবে সিকিওর করেছি," বলেছিলেন গোপাল মুখার্জী।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## আওয়ামী লীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে ঢাকা ও ঢাকার বাইরে যে চিত্র দেখা গেল

নেই কোনো কর্মসূচির তোড়জোড় কিংবা নেতা-কর্মীর স্লোগান। সড়কের দুই পাশে ব্যারিকেড দিয়ে দাঁড়িয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। ঢাকার বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে মঙ্গলবার সকালে সরেজমিন এমন দৃশ্যই দেখা গেল। একই অবস্থা দলটির ধানমন্ডি এবং তেজগাঁও কার্যালয়ের সামনেও। আওয়ামী লীগের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে বাড়তি নিরাপত্তা ঢাকার বাইরের বিভিন্ন জেলা ও বিভাগীয় শহরেও। বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা-কর্মীদের উপস্থিতি নজরে না পড়লেও এদিন তাদের কর্মসূচি ঠেকাতে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় মাঠে সরব ছিল ছাত্রদল, যুবদলসহ বিএনপি ও জামায়াতে ইসলামীর বিভিন্ন সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকা অবস্থায় বিএনপি এবং জামায়াতের কর্মসূচি ঘিরে দলটির নেতা-কর্মী এবং আইন-শৃঙ্খলা বাহিনীর যে-রকম উপস্থিতি দেখা যেত, অনেকটা একই দৃশ্য এবার দেখা গেল আওয়ামী লীগের বিরুদ্ধে। বিএনপি নেতা-কর্মীরা বলছেন, কার্যক্রম নিষিদ্ধ কোনো রাজনৈতিক দলকে কর্মসূচি পালন করতে দেবেন না তারা। আর এ কারণেই কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী মাঠে নেমেছেন। আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ঢাকা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুরসহ ছয় জেলায় ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দিয়ে সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে। একইভাবে বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি মোতায়েন করা হয়েছে দেশের পাঁচ জেলায়।

সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যে, আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি মোকাবিলায় বাড়তি নিরাপত্তা আয়োজন রাখা হয়েছে। এদিকে, প্রতিষ্ঠা বার্ষিকীর আগের কয়েকদিন ঢাকাসহ দেশের কয়েকটি স্থানে ছোটোখাটো মিছিল করতে দেখা গেলেও মঙ্গলবার দুপুর পর্যন্ত আওয়ামী লীগের নেতা-কর্মীদের তেমন তৎপরতার খবর পাওয়া যায়নি। যদিও আওয়ামী লীগের প্রতিষ্ঠা বার্ষিকীকে ঘিরে মঙ্গলবার ঢাকার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে দলটির ১৮ জন নেতা-কর্মীকে গ্রেফতারের খবর জানিয়েছে

ঢাকা মেট্রোপলিটন পুলিশ। এছাড়া দলটির ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা কিংবা মিছিলের বেশ কয়েকটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হলেও সেগুলোর সত্যতা যাচাই করা সম্ভব হয়নি।

**সরব অন্য রাজনৈতিক দল**

জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে ক্ষমতাচ্যুত হওয়ার পর দ্বিতীয়বারের মতো প্রতিষ্ঠাবার্ষিকী পালন করছে প্রায় দেড় যুগ ধরে রাষ্ট্র ক্ষমতায় থাকা বাংলাদেশের অন্যতম রাজনৈতিক দল আওয়ামী লীগ। অন্তবর্তী সরকারের সময় বাংলাদেশে কর্মকাণ্ড নিষিদ্ধ হওয়া দলটি গত প্রায় দুই বছর ধরে বারবার ফেরত আসার কথা বললেও, রাজনীতির মাঠে সক্রিয় হতে পারেনি এখনও। এমন প্রেক্ষাপটে প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে কর্মসূচির ইঙ্গিত দিয়েছিলেন দলটি। সম্প্রতি ঝটিকা মিছিলের মাধ্যমে রাজনীতির মাঠে তৎপরতাও দেখা গেছে দলটির নেতা-কর্মীদের। যদিও এর সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে তাদের গ্রেফতার হওয়া নেতাকর্মীর সংখ্যাও। মঙ্গলবার প্রতিষ্ঠাবার্ষিকীর সকাল থেকেই গুলিস্তানে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে দেখা গেল শুনশান নীরবতা। আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য এবং গণমাধ্যম কর্মীদের উপস্থিতি থাকলেও সরেজমিন পরিদর্শনে দলটির কোনো তৎপরতা মঙ্গলবার দুপুর পর্যন্ত দেখা যায়নি। বরং ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা, প্রেসক্লাব, শাহবাগ, ফার্মগেট, ধানমণ্ডি, মিরপুরসহ ঢাকার বিভিন্ন এলাকায় সকাল থেকেই সরব উপস্থিতি দেখা গেছে বিএনপি এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের। অবস্থান কর্মসূচি, বিক্ষোভ মিছিল, মোটরসাইকেল শো ডাউনসহ নানা কর্মসূচি পালন করেছেন বিএনপির বিভিন্ন সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। তারা বলছেন, কার্যক্রম নিষিদ্ধ কোনো সংগঠনকে দেশের রাজনীতিতে আর সক্রিয় হতে দেবেন না তারা। প্রতিষ্ঠা বার্ষিকী পালনের নামে আওয়ামী লীগের নেতা-কর্মীরা যাতে কোনো নাশকতা করতে না পারে, সেজন্য সক্রিয় থাকার কথাও জানান নেতা-কর্মীরা। "আওয়ামী লীগ তাদের কাজের কারণেই দেশের রাজনীতি থেকে ছিটকে পড়েছে। প্রতিষ্ঠাবার্ষিকী পালনের নামে তারা যেন কোনো ধরনের সন্ত্রাসী কার্যক্রম চালাতে না পারে, সেজন্যই আমরা মাঠে সক্রিয় আছি," বিবিসি বাংলাকে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতা মল্লিক ওয়াসি তামি।

আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীর দিনে দলটির গুম, খুন ও সন্ত্রাসের বিচারের দাবিতে ঢাকার বিভিন্ন এলাকায় কর্মসূচি পালন করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। মঙ্গলবার সকালে জামায়াতে ইসলামীর একটি মিছিল থেকে ঢাকার ধানমন্ডি ৩২ নম্বর এলাকায় সাংবাদিকদের ওপর হামলার অভিযোগও উঠেছে। প্রত্যক্ষদর্শী একাধিক সাংবাদিক বিবিসি বাংলাকে জানান, জামায়াতে ইসলামী ঢাকা মহানগর দক্ষিণের নেতা-কর্মীদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে এ ঘটনা ঘটে। গণমাধ্যমকর্মীদের ওপর হামলার এই ঘটনায় দুঃখ প্রকাশ করে বিবৃতিও দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এদিকে, মঙ্গলবার ভোর থেকেই ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের বাড়তি উপস্থিতি দেখা গেছে। বিশেষ করে আওয়ামী লীগের কার্যালয় এবং ধানমন্ডি ৩২ নম্বরের আশপাশের সড়কগুলোতে ছিল কড়া নজরদারি। সকাল থেকেই বিভিন্ন জায়গায় চেকপোস্ট বসিয়ে ব্যক্তি কিংবা যানবাহনে তল্লাশি চালাতে এবং র‌্যাব ও পুলিশকে রাজধানীর বিভিন্ন এলাকায় টহল দিতেও দেখা যায়। সকাল থেকে ঢাকার রাস্তায় গণপরিবহণ কিছুটা কম দেখা গেলেও বেলা বাড়ার সাথে সাথে এই সংখ্যা অবশ্য বেড়েছে।

**ঢাকার বাইরেও পালটা কর্মসূচি**

আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে ঢাকার বাইরেও রাজনৈতিক দলের নেতা-কর্মীদেরকে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করতে দেখা গেছে। গোপালগঞ্জ, ফরিদপুর, রাজশাহী, নারায়ণগঞ্জ, গাজীপুরসহ দেশের বিভিন্ন জেলায় কর্মসূচি পালন করেছেন ছাত্রদল ও যুবদলসহ বিএনপির বিভিন্ন সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। রাজনৈতিক দলের নেতা-কর্মীদের পাশাপাশি আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে ঢাকার বাইরেও আইন-শৃঙ্খলা বাহিনীর বাড়তি উপস্থিতির খবর আগেই জানিয়েছিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়। খোঁজ নিয়ে জানা গেছে, মঙ্গলবার ভোর থেকেই নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ এবং ফরিদপুর শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে পুলিশের বাড়তি উপস্থিতি ছিল। আওয়ামী লীগের ঘাঁটি হিসেবে পরিচিত গোপালগঞ্জে কর্মসূচি পালন করেছেন বিএনপির বিভিন্ন সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। স্থানীয় গণমাধ্যমকর্মীরা জানিয়েছেন, আওয়ামী লীগের নেতা-কর্মীরা গত কয়েকদিন জেলার বিভিন্ন এলাকায় ঝটিকা মিছিলের মতো কর্মসূচি পালন করলেও মঙ্গলবার দুপুর পর্যন্ত তেমন কোনো খবর তারা নিশ্চিত করতে পারেননি।

এদিকে, সকাল থেকেই জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানিয়েছেন গোপালগঞ্জের জেলা প্রশাসক মো. আরিফ উজ জামান। তিনি বলেন, "আইন-শৃঙ্খলা নিয়ে শঙ্কার তেমন কোনো কারণ নেই, আমরা রুটিন কাজ চালিয়ে যাচ্ছি। পর্যাপ্তসংখ্যক সেনা সদস্য মোতায়েন রয়েছেন।" নারায়ণগঞ্জ এবং গাজীপুরে পুলিশ ও র‌্যাবের পাশাপাশি সেনাবাহিনী এবং বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি-কে টহল দিতে দেখা গেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে- ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর মহানগর এবং নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ ও ফরিদপুর জেলায় আগামী ৩০ জুন পর্যন্ত 'ইন এইড টু সিভিল পাওয়ার' হিসেবে সেনাসদস্যরা মোতায়েন থাকবেন। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## নাজমুল আহসান কলিমুল্লাহ ও শিবলী রুবাইয়াতসহ তিন শিক্ষক সাময়িক বরখাস্ত

চব্বিশের জুলাইয়ের গণ-অভ্যুত্থানে বিতর্কিত কর্মকাণ্ডের অভিযোগে অধ্যাপক আ ক ম জামাল উদ্দিন, শিবলী রুবাইয়াত উল ইসলাম এবং নাজমুল আহসান কলিমুল্লাহকে সাময়িকভাবে বরখাস্ত করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়াও শিক্ষক-শিক্ষার্থীদের অভিযোগের প্রেক্ষিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে গান গেয়ে আলোচনায় আসা বাংলা বিভাগের

আরেক শিক্ষক তাশরিক-ই-হাবিব এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আজমল হোসেন ভুঁইয়াকে শিক্ষা ও একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট। সোমবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট এসব সিদ্ধান্ত নিয়েছে। সাময়িক বরখাস্ত হওয়া লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য নাজমুল আহসান কলিমুল্লাহ, বাংলাদেশ স্টক এক্সচেঞ্জ কমিশনের সাবেক চেয়ারম্যান ও ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগের অধ্যাপক শিবলী রুবাইয়াত উল ইসলাম এবং সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক আ ক ম জামালউদ্দিনের বিরুদ্ধে জুলাইয়ের গণ-অভ্যুত্থানের বিরোধিতা করার অভিযোগ ছিল। সিন্ডিকেট সদস্য ও বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক আলমোজাদ্দেদি আলফেছানি বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছে। "আগস্টবিরোধী বিভিন্ন কর্মকাণ্ডের অভিযোগ ছিল তাদের বিরুদ্ধে। সেই অভিযোগের ভিত্তিতে ফ্যাক্টস ফাইন্ডিং কমিটির প্রাথমিকভাবে সত্যতা প্রমাণিত হয়েছে। এটার ওপর ভিত্তি করে আমরা একটা তদন্ত কমিটি গঠন করেছি। এখন এই তদন্ত কমিটির বিস্তারিত তদন্তের মাধ্যমে তাদের বিরুদ্ধে ফাইনালি পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।"

এছাড়া, বাংলা বিভাগের শিক্ষক তাশরিক-ই-হাবিবের গান গেয়ে আলোচনার সাম্প্রতিক কর্মকাণ্ড, আর্থিক দুর্নীতির অভিযোগে তাকে একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে জানান তিনি। "ওনার ডিপার্টমেন্টের চেয়ারম্যানসহ বিভাগীয় ফুল একাডেমিক কমিটি উনার বিরুদ্ধে লিখিত অভিযোগ দিয়েছে তার সাম্প্রতিক গানের কর্মকাণ্ড। একইসাথে তার বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ পাওয়া গেছে তাদের বক্তব্য অনুসারে এবং বিভাগীয় একাডেমিক কমিটিতে তাকে কিছু বিষয়ে শোকজ করেছিল, এই সার্বিক বিষয় খতিয়ে দেখতে তদন্ত কমিটি করে দিয়েছি আমরা, পরবর্তীতে ওই রিপোর্টের ভিত্তিতে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে," বলেন অধ্যাপক আলফেছানি।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## শেখ হাসিনাকে ফিরিয়ে এনে ইলেকট্রিক শক দেওয়ানোর দাবি একজন সংসদ সদস্যের

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিরিয়ে এনে ইলেকট্রিক শক দেওয়ানোর দাবি করেছেন সংরক্ষিত মহিলা আসনের একজন সংসদ সদস্য। মঙ্গলবার ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশনে এ কথা বলেন সংরক্ষিত আসনের সংসদ সদস্য রেহানা আক্তার রানু। "কিছুদিন আগে একটা আয়না ঘর দেখলাম। সেই আয়না ঘরে একটা ইলেক্ট্রিক চেয়ার দেখলাম। যেই চেয়ারে বিরোধী দলের নেতাদেরকে ইলেক্ট্রিক শক দেওয়া হতো। আমার দাবি, শেখ হাসিনাকে ফিরিয়ে এনে ওই চেয়ারে বসাইয়া, শোয়াইয়া শেখ হাসিনাকে ইলেক্ট্রিক শক দিতে হবে মাননীয় স্পিকার," বলেন সংসদ সদস্য রানু। এছাড়া বিরোধী দলের আরেকটি বিপ্লব ও আন্দোলনের জন্য জনগণকে আহ্বানের কথা উল্লেখ করে তিনি সকলকে সতর্ক করেন। "আপনাদের অনৈক্যের কারণে যদি আল্লাহ না করুক, আল্লাহ না করুক, আল্লাহ না করুক, আবারও যদি দানব হাসিনা ফিরে আসে, যারা ফেসবুকের প্রোফাইল লাল করেছিলেন, জীবনটা কালো করে ছাড়বে," বলেন মিজ রানু। ওই বক্তব্যে তিনি অভিযোগ করেন, সরকারি হাসপাতালের নার্সরা রোগীদের সাথে খুবই খারাপ ব্যবহার করে। এজন্য তিনি স্বাস্থ্য প্রতিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## জুয়া প্রতিরোধ বিল, ২০২৬ বিল সর্বসম্মতিক্রমে জাতীয় সংসদে পাস

অনলাইনে জুয়া ও বেটিং প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জুয়া প্রতিরোধ বিল, ২০২৬ পাস হয়েছে জাতীয় সংসদে। মঙ্গলবার জাতীয় সংসদ অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ উত্থাপনের পর সর্বসম্মতিক্রমে বিলটি পাস হয়। দিনের সম্পূরক কার্যসূচির অংশ হিসেবে বিলটি উত্থাপন করেন স্বরাষ্ট্রমন্ত্রী। মি. আহমদ বলেন, "আমি স্বরাষ্ট্রমন্ত্রী, সালাহউদ্দিন আহমদ অনলাইন জুয়া ও অনলাইন বেটিংসহ অনুরূপ কার্যক্রম প্রতিরোধ ও এতদসংক্রান্ত অপরাধের বিষয়ে দণ্ড প্রদানসহ আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়নের লক্ষ্যে একটি বিল জুয়া প্রতিরোধ বিল-২০২৬, মহান সংসদে উত্থাপন করছি।" পরে বিলটি সর্বসম্মতিক্রমে পাস হয় জাতীয় সংসদে।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালি থেকে যেভাবে বের হয়ে এলো বাংলার জয়যাত্রা

ইরান যুদ্ধের কারণে পারস্য উপসাগরে প্রায় চার মাস আটকে আটকে থাকার পর, অবশেষে ৩১ জন নাবিক নিয়ে হরমুজ প্রণালি অতিক্রম করেছে বাংলাদেশের পতাকাবাহী জাহাজ বাংলার জয়যাত্রা। বাংলাদেশের সময় রোববার ভোর রাত তিনটার কিছু পরে জাহাজটি হরমুজ প্রণালি অতিক্রম করে। বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং করপোরেশন বা বিএসসি'র জাহাজ 'এমভি বাংলার জয়যাত্রার ব্যবস্থাপনা পরিচালক কমডোর মাহমুদুল মালেক বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। দীর্ঘদিন অবরুদ্ধ থাকার পর বাংলাদেশের পতাকাবাহী এই জাহাজটি হরমুজ প্রণালি পাড়ি দিলেও শিগ্গিরই দেশে ফিরছে না বলেও জানিয়েছে মালিকানা প্রতিষ্ঠান বিএসসি। জাহাজ কর্তৃপক্ষ জানিয়েছে, দীর্ঘদিন সমুদ্রে আটকা থাকার কারণে জাহাজের তলদেশে শ্যাওলা জমা পড়েছে। এছাড়াও ফুজাইরাহ থেকে জ্বালানি তেল ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করা হবে। বাংলাদেশের বাণিজ্যিক জাহাজ 'এমভি বাংলার জয়যাত্রা' গত ২৬ জানুয়ারি মধ্যপ্রাচ্যের জলসীমায় প্রবেশ করে। এরপর ইরান যুদ্ধ শুরু হওয়ার পর সেটি কয়েক দফায় চেষ্টা করেছে কিন্তু হরমুজ প্রণালি থেকে বের হতে পারেনি। বরং, এরপর থেকে জাহাজটি ঘুরছে মধ্যপ্রাচ্যের বিভিন্ন জলসীমায়। জাহাজটিতে নাবিক-ইঞ্জিনিয়ারসহ মোট ৩১ জন ক্রু রয়েছেন। তারা বলছেন, ইরান যুদ্ধ শুরুর পর চোখের

সামনে মুহুর্মুহু মিসাইল হামলা, কখনও বিধ্বস্ত মিসাইলের ভাঙা অংশ এসে আশপাশের কোনো জাহাজে পড়তেও দেখছেন তারা। অনেকটা বন্দিদশা থেকে সোমবার গভীর রাতে হরমুজ প্রণালি পাড়ি দেওয়ার বিষয়টিকে একটি দুঃসাহসিক সমুদ্রযাত্রার অবসান হিসেবে দেখছেন জাহাজটিতে থাকা নাবিকেরা। জাহাজের চিফ ইঞ্জিনিয়ার রাশেদুল হাসান বিবিসি বাংলাকে বলেছেন, "আমাদের বন্দিদশা শেষ হয়েছে। ঝুঁকি নিয়েই একটি মৃত্যুকূপের ভেতর থেকে বের হয়ে এসেছি আমরা।" এদিকে, বাংলার জয়যাত্রার হরমুজ প্রণালি অতিক্রম করার ঘটনাকে বিশ্ব মেরিটাইম ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত বলে মন্তব্য করেছেন করছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান।

**যেভাবে প্রস্তুতি ও যাত্রা শুরু**

'বাংলার জয়যাত্রা' জাহাজটি মধ্যপ্রাচ্যের জলসীমায় প্রবেশ করে চলতি বছরের জানুয়ারি মাসের ২৬ তারিখ। এরপর মধ্যপ্রাচ্যের বিভিন্ন বন্দরে পণ্য নিয়ে যায় জাহাজটি। পরে গত ২৬ ফেব্রুয়ারি কাতারের একটি বন্দর থেকে প্রায় ৩৯ হাজার মেট্রিক টন স্টিল কয়েল নিয়ে দুবাইয়ের জেবেল আলী বন্দরে গিয়েছিল এমভি বাংলার জয়যাত্রা। এরপর মধ্যপ্রাচ্যের বিভিন্ন বন্দরে পণ্য নিয়ে যায় জাহাজটি। পরে চলতি বছরের ২৬ ফেব্রুয়ারি কাতারের একটি বন্দর থেকে প্রায় ৩৯ হাজার মেট্রিক টন স্টিল কয়েল নিয়ে দুবাইয়ের জেবেল আলী বন্দরে গিয়েছিল এমভি বাংলার জয়যাত্রা। যুদ্ধের তীব্রতা বৃদ্ধির পর ফেব্রুয়ারির শেষে বন্ধ হয়ে যায় হরমুজ প্রণালি। এরপর তিন দফায় হরমুজ প্রণালি পাড়ি দেওয়ার উদ্যোগ নেয় বাংলার জয়যাত্রা। কিন্তু শেষ পর্যন্ত সফল হয়নি তারা। যে কারণে জাহাজটি হরমুজ প্রণালি থেকে প্রায় ২৫ নটিক্যাল মাইল দূরে সংযুক্ত আরব আমিরাতের কাছে শারজাহ অ্যাঙ্কারেজে নোঙর করে ছিল বাংলার জয়যাত্রা। যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র-ইরানের মধ্যে গত কয়েকদিন ধরে সুইজারল্যান্ডে চলছে আলোচনা। এর মধ্যেই কিছু কিছু জাহাজ ইরানের সামরিক বাহিনী বা আইআরজিসির অনুমতি নিয়ে হরমুজ প্রণালি পাড়ি দিতে শুরু করে গত রোববার থেকে। জাহাজটির একজন কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, "আমাদের জাহাজ অপারেট করে সিঙ্গাপুরের একটি কোম্পানি। তারা আমাদেরকে জানায় যে ভারবালি হরমুজ পাড়ি দেওয়ার অনুমতি পাওয়া গেছে। তোমরাও মুভ করতে পারো।" প্রাথমিকভাবে গ্রিন সিগন্যাল পাওয়ার পর হরমুজ প্রণালি পাড়ি দেওয়ার উদ্যোগ নেওয়া হয় সোমবার সকালেই। বিএসসির এমডি কমডোর মাহমুদুল মালেক বিবিসি বাংলাকে বলেন, "যেহেতু আমরা আরো কয়েকটি জাহাজের মুভমেন্ট দেখতে পারছিলাম মেরিন ট্রাফিক ওয়েবসাইটে। সে কারণে আমরাও মুভমেন্ট করার সিদ্ধান্ত নিলাম। তখন আমি আমাদের ক্যাপ্টেনকে বললাম হরমুজ প্রণালির দিকে মুভ করতে।" তিনি জানান, হরমুজ প্রণালিতে আটকা পড়া জাহাজগুলোর জন্য এই প্রণালি পাড়ি দেওয়ার জন্য দুইটি অপশন ছিল। প্রথমত ইরানের চাহিদামাফিক টোল দিয়ে হরমুজ পাড়ি দেওয়া। দ্বিতীয়ত কূটনৈতিক আলোচনার মাধ্যমে অনুমতি নিয়ে সেখান থেকে বের হয়ে আসা। মি. মালেক বলছিলেন, "আমরা দেখলাম কেউ কেউ টোল দিয়ে বের হয়ে আসছে। আমাদের টোল দেওয়ার টাকাও ছিল। কিন্তু আমরা যদি ইরানকে টোল দেই, তাহলে আবার যুক্তরাষ্ট্রের স্যাংশনেরও শঙ্কা ছিল। যে কারণে আমাদের অনেকটা কৌশলে সেখান থেকে রেব হয়ে আসার রাস্তা খুঁজতে হয়েছে এবং আমরা সফল হয়েছি।" জাহাজটিতে থাকা নাবিকেরা বিবিসি বাংলাকে জানিয়েছেন, ফিরে যেতে হতে পারে এমন আশঙ্কার জায়গা থেকে জাহাজটি শুরুতে অনেক ধীর গতিতে চলছিল।

**হরমুজ পাড়ি দিতে যে কৌশল**

ইরান ও ওমানের মধ্যে অবস্থিত একটি চ্যানেল হরমুজ প্রণালি। এর ঢোকা এবং বেরোনোর অংশ ৫০ কিলোমিটার প্রশস্ত। মাঝে সবচেয়ে সংকীর্ণ অংশে এই প্রণালির বিস্তৃতি প্রায় ৪০ কিলোমিটার। পৃথিবীতে যে পরিমাণ জ্বালানি তেল রপ্তানি হয়, তার পাঁচ ভাগের এক ভাগ হরমুজ প্রণালি দিয়ে যায়। হরমুজ প্রণালি হচ্ছে ইরানের জ্বালানি তেল রপ্তানির প্রধান রুট। ইরানের অর্থনীতির জন্য এটা ভীষণ গুরুত্বপূর্ণ। হরমুজ প্রণালির কেন্দ্রীয় অংশটা বড়ো জাহাজ চলাচলের জন্য যথেষ্ট গভীর। ভারী তেল ট্যাংকারগুলোর কথা মাথায় রেখে সামুদ্রিক নেভিগেশন চার্টে একটা নিরাপদ ইনবাউন্ড লেন, একটা নিরাপদ আউটবাউন্ড লেন এবং এই দুইয়ের মাঝে একটা বাফার জোন নির্ধারণ করা হয়েছে। তাই, বড়োসড়ো জাহাজগুলোকে মাত্র ১০ কিলোমিটার প্রশস্ত একটা চ্যানেল ধরে চলাচল করতে হয়। বাংলার জয়যাত্রায় থাকা নাবিকেরা বিবিসি বাংলাকে জানান, সোমবার রাতেই হরমুজ প্রণালিতে প্রবেশ করে বাংলার জয়যাত্রা জাহাজটি। যুদ্ধ শুরুর পর হরমুজ প্রণালিতে ট্রাফিক সেপারেশন স্কিম (টিএসএস) বা নৌযান চলাচল পৃথকীকরণ ব্যবস্থা চালু হয়। নাবিকদের ভাষ্যমতে, এই টিএসএস'র মধ্যেই যুদ্ধ চলাকালীন সময়ে সামুদ্রিক মাইন স্থাপন করে ইরান। বাংলার জয়যাত্রার চিফ ইঞ্জিনিয়ার রাশেদুল হাসান বিবিসি বাংলাকে বলেন, "আমরা টিএসএস দিয়ে আসতে পারিনি। সে কারণে আমাদের পাড়ি দেওয়ার পথটি ছিল আরেকটু বেশি। যদি টিএসএস দিয়ে আসতাম, তাহলে ২৫ নটিক্যাল পথ পাড়ি দিলেই হতো। কিন্তু এবার আমাদের পুরোটা হরমুজের ৩৫ নটিক্যাল মাইল পথ।" জাহাজ কর্তৃপক্ষ জানায়, দীর্ঘদিন চলাচল বন্ধ থাকার কারণে ইঞ্জিনও কিছুটা ধীরে চালাতে হয়েছে। হরমুজে প্রবেশের আগে সাড়ে সাত নটিক্যাল মাইল এবং হরমুজে প্রবেশের পর ১০ নটিক্যাল মাইল গতিতে চালাতে হয়েছে। চিফ ইঞ্জিনিয়ার মি. হাসান বলছিলেন, "দ্বিতীয় আরেকটি ভয় আমাদের কাজ করছিল সেটি হলো- কোর্স অল্টার। অর্থাৎ যদি এমন হয় আবার আমাদেরকে ফিরিয়ে দেওয়া আমাদের আবার দীর্ঘ পথ পাড়ি দিয়ে ফিরতে হতো, সেই কারণে আমরা খুব বেশি গতিতে জাহাজটি চালাইনি।" তিনি জানান, বাংলার জয়যাত্রা যখন হরমুজ প্রণালি পাড়ি দিচ্ছিল, তখন কাছাকাছি দূরত্বে সব মিলিয়ে তিন

থেকে চারটি জাহাজ ছিল। হরমুজ পাড়ি দেওয়ার সময় সে সময় ইরানের নৌবাহিনীর পক্ষ থেকে রেডিও ঘোষণা তারা শুনতে পেয়েছিলেন যে, কোনো ধরনের মিলিটারি জাহাজ প্রণালি দিয়ে পার হতে গেলে গুলি করা হবে। ওই বার্তা তাৎক্ষণিকভাবে মালিকানা প্রতিষ্ঠানকে বিএসসিকে পাঠায় জাহাজের ক্র'রা। এদিকে, পুরো যাত্রাপথটি বড়ো স্ক্রিনে বিএসসি কার্যালয়ে মনিটর করছিল নৌপরিবহণ মন্ত্রণালয় ও শিপিং করপোরেশনের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

বাংলার জয়যাত্রার এমডি কমডোর মাহমুদ মালেক বিবিসি বাংলাকে বলেন, "হঠাৎ এ ধরনের বার্তা পেয়ে জাহাজের নাবিকরা কিছুটা ভয় পেয়ে গিয়েছিল। আমাদের কাছেও অডিও বার্তা পাঠানো হলো। আমরা তখন ভাল করে শুনলাম এই নির্দেশনা মিলিটারি জাহাজের জন্য। তখন আমরা তাদের তখন আশ্বস্ত করলাম।" পরে সাড়ে তিনঘণ্টার চালিয়ে যখন বাংলার জয়যাত্রা হরমুজ অতিক্রম করে, তখন বাংলাদেশের সময় ভোর রাত সাড়ে তিনটা। হরমুজ থেকে বের হয়ে সাড়ে তিনটার কিছু পড়ে বাংলার জয়যাত্রার ক্যাপ্টেন মো. শফিকুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, "দীর্ঘ অপেক্ষার পর আমরা নিরাপদে হরমুজ প্রণালি পাড়ি দিয়েছি। আপনারা আমাদের জন্য দোয়া করবেন।"

**জাহাজটি বাংলাদেশে ফিরবে কবে?**

গত জানুয়ারিতে ৩১ জন নাবিক নিয়ে বাংলার জয়যাত্রা জাহাজটি বাংলাদেশ ছেড়েছিল। এরপর মধ্যপ্রাচ্যের বিভিন্ন বন্দরে পণ্য নিয়ে যায় জাহাজটি। পরে গত ২৬ ফেব্রুয়ারি কাতারের একটি বন্দর থেকে প্রায় ৩৯ হাজার মেট্রিক টন স্টিল কয়েল নিয়ে দুবাইয়ের জেবেল আলী বন্দরে গিয়েছিল এমভি বাংলার জয়যাত্রা। জাহাজ কর্তৃপক্ষ মঙ্গলবার এক বিবৃতিতে জানায়, গত ১১ মার্চ জেবেল আলী বন্দরে স্টিল কয়েল কার্গো সফলভাবে খালাস করে জাহাজটি। তারপর সৌদি আরবের রাস আল খায়ের বন্দরে পাঠানো হয় এবং সেখান থেকে প্রায় ৩৭,০০০ মেট্রিক টন সার নিয়ে জাহাজটি দক্ষিণ আফ্রিকার কেপ টাউন ও ডারবান বন্দরের উদ্দেশ্যে রওয়ানা হয়। কিন্তু যুদ্ধ পরিস্থিতির অবনতি ও পরে হরমুজ প্রণালি পুরোপুরি বন্ধ থাকায় সেখান থেকে বের হয়ে আসতে পারেনি বাংলার জয়যাত্রা। বাংলাদেশ শিপিং করপোরেশনের এমডি মাহমুদ মালেক বিবিসি বাংলাকে জানান, জাহাজটি একটি চুক্তির আওতায় থাকায় যতদিন পারস্য উপসাগরে আটকা ছিল, প্রতিদিনই তার জন্য ক্ষতিপূরণ পেয়েছে। যে কারণে আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হয়নি বাংলাদেশ। মি. মালেক বলেন, "এই সময়ে আমরা প্রতিটি নাবিককে অতিরিক্ত মজুরি দেওয়া হয়েছে। সাধারণত ক্রুদের দৈনিক সাত ডলার করে দেওয়া হয়। বাংলার জয়যাত্রার ক্রু যারা আটকা পড়েছিলেন, তাদের এই অবরুদ্ধ সময়ে আমরা ১২ ডলার করে মজুরি দিয়েছি। যুদ্ধকালীন সময়ে তাদের 'ওয়ার ওয়েজ' বা যুদ্ধকালীন মজুরি দিয়েছি, ঈদের সময় স্পেশাল প্রণোদনা দেওয়া হয়েছে।" হরমুজ প্রণালি থেকে বের হয়ে আগামী দুইদিন সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহ বন্দরের আউটার বারে থাকবে জাহাজটি। সেখান থেকে পরে আবার দক্ষিণ আফ্রিকার ডারবানের উদ্দেশ্যে রওয়ানা হবে বাংলার জয়যাত্রা। চিফ ইঞ্জিনিয়ার রাশেদুল হাসান বলেন, "আমাদের কাছে আর ২৪ দিনের তেল আছে। সে কারণে আমরা ফুজাইরাহতে ১২০০ টন এইচএফও বা ভারী জ্বালানি তেল নেবো। জাহাজের তলদেশের ময়লা পরিষ্কার করা শেষে দুই থেকে তিনদিনের মধ্যে ডারবানের উদ্দেশ্যে রওয়ানা দেব। যেহেতু জাহাজে সার বোঝাই রয়েছে।" তার কাছে প্রশ্ন ছিল যে, এতদিন আটকা থাকার পর সেখান থেকে বের হয়ে বাংলাদেশে ফিরতে চান কী-না নাবিকেরা। জবাবে মি. রাশেদুল হাসান বলছিলেন, "আমরা সেই ঝুঁকির জায়গা থেকে, মৃত্যুকুপ থেকে বের হয়ে এসেছি। এখন আমাদের আর সেই ফেরার তাড়া নেই।" জাহাজটির দেশে ফেরার বিষয়ে প্রায় একই রকম বলেছেন বিএসসির এমডি মি. মালেক। তিনি জানান, আন্তর্জাতিক অন্য রুটগুলোতে পণ্য পরিবহণ করবে জাহাজটি। দক্ষিণ আফ্রিকায় পণ্য খালাস করেই যে দেশে ফিরবে এমন কোনো তাড়া নেই জাহাজ কর্তৃপক্ষের।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

## ফ্রান্সে রেকর্ড করা ইতিহাসের উষ্ণতম দিন, পানিতে ডুবে মারা গেছে ৪০ জন

আবহাওয়ার রেকর্ড রাখা শুরুর পর থেকে এখন পর্যন্ত ফ্রান্সে মঙ্গলবার সবচেয়ে উষ্ণতম দিন ছিল বলে জানিয়েছে দেশটির আবহাওয়া দপ্তর। গরম থেকে বাঁচতে পানিতে ডুবে মারা গেছেন ৪০ জন। দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের পিসোস এলাকায় তাপমাত্রা ৪৪ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াসে পৌঁছায়। এছাড়া অন্যান্য এলাকায়ও নজিরবিহীন উষ্ণতা রেকর্ড করা হয়েছে। যেমন : বোর্দোতে তাপমাত্রা ৪২ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। দেশটির আবহাওয়া সংস্থা মেতেও-ফ্রান্সসামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ এক পোস্টে এই তথ্য জানিয়েছে। এর আগে, সংস্থাটি জানিয়েছিল, গত রাতটি ছিল দেশটিতে রেকর্ড করা ইতিহাসের উষ্ণতম রাত। মেটিওফ্রান্স আরো জানিয়েছে, দেশের ৩০টি আবহাওয়া কেন্দ্রের গড় তাপমাত্রার ভিত্তিতে নির্ধারিত জাতীয় তাপমাত্রা সূচকটি স্থানীয় সময় বিকেল পাঁচটায় ২৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। যেটি ২৯ দশমিক চার ডিগ্রি সেলসিয়াসের আগের উষ্ণতার রেকর্ডকে ছাড়িয়ে গেছে। এদিকে, গত বৃহস্পতিবার তাপপ্রবাহ শুরু হওয়ার পর থেকে ফ্রান্সে এখন পর্যন্ত পানিতে ডুবে ৪০ জন মারা গেছেন বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী সেবাসটিয়ান লেকর্নো। মন্ত্রীদের নিয়ে আয়োজিত এক বৈঠকে তিনি জানিয়েছেন, "এদের মধ্যে অধিকাংশই তরুণ। আমরা যে সংকটের মুখোমুখি হয়েছি, তারাই তার প্রথম শিকার।" এদিকে, তীব্র তাপমাত্রা বাড়ার কারণে ব্রিটেনের বৃহত্তম ট্রেন অপারেটর বুধবার বা বৃহস্পতিবার যাত্রীদের ভ্রমণ না করার জন্য সতর্ক করেছে। বুধবার সকাল নয়টা থেকে পরের দিন রাত নয়টা পর্যন্ত ইংল্যান্ড এবং ওয়েলসের কিছু অংশে চরম তাপপ্রবাহের জন্য একটি বিরল রেড ওয়ার্নিং বা লাল সতর্কতা জারি করা হয়েছে। অন্যদিকে, স্কটল্যান্ড

এবং উত্তর আয়ারল্যান্ড ইতিমধ্যেই চলতি বছরে এ যাবতকালের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করেছে। তীব্র তাপপ্রবাহের কারণে ইংল্যান্ড এবং ওয়েলসে এই সপ্তাহে কমপক্ষে ৩১২টি স্কুল সম্পূর্ণ বা আংশিকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## শ্রমবাজার খোলা ও রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশ-মালয়েশিয়ার যৌথ উদ্যোগ

প্রায় ১৮ ঘণ্টার অত্যন্ত গুরুত্বপূর্ণ এক রাষ্ট্রীয় সফর শেষে মালয়েশিয়া থেকে চীনের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। মালয়েশিয়া ছাড়ার পর দেশটির সরকার ও জনগণের আন্তরিক আতিথেয়তার জন্য গভীর কৃতজ্ঞতা জানিয়ে একটি বিশেষ বার্তা পাঠিয়েছেন তিনি। আজ (মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর এই কৃতজ্ঞতা বার্তাটি প্রকাশ করে। বার্তায় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, "আমার স্ত্রী ডা. জুবাইদা রহমান এবং আমি প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ও তাঁর স্ত্রী ড. ওয়ান আজিজা বিনতি ওয়ান ইসমাইলের অবিশ্বাস্য উষ্ণ অভ্যর্থনায় গভীরভাবে অভিভূত। এই সফর দুই দেশের বহু দশকের পুরোনো ঐতিহাসিক সম্পর্ককে আরও দৃঢ় করেছে, যার সূচনা হয়েছিল আমার বাবা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং মা বেগম খালেদা জিয়ার শাসনকাল থেকে।" সফরকালে সময় দেওয়ার জন্য মালয়েশিয়ার রাজা সুলতান ইব্রাহিম ইবনি সুলতান ইস্কান্দারকেও ধন্যবাদ জানান তিনি।

### শ্রমবাজার ও অনিয়মিত শ্রমিকদের বৈধকরণের আহ্বান

এর আগে, সোমবার (২২ জুন) পুত্রজায়ায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে বসেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৈঠকে তিনি বাংলাদেশিদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার দ্রুত খুলে দেওয়া এবং আরও বেশি বাংলাদেশি কর্মী নিয়োগের আহ্বান জানান। পাশাপাশি মালয়েশিয়ায় থাকা অনিয়মিত বাংলাদেশি শ্রমিকদের বৈধ করা এবং আটকে থাকা শ্রমিকদের দেশে ফিরিয়ে আনার বিষয়টিও উত্থাপন করেন। দুই নেতাই একমত হন যে, শ্রমিক নিয়োগ প্রক্রিয়া হতে হবে স্বচ্ছ, ন্যায্য ও সাশ্রয়ী, যাতে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য এবং শ্রমিকদের অভিবাসন ব্যয় কমানো যায়।

### ৩টি গুরুত্বপূর্ণ চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর

দুই দেশের শীর্ষ বৈঠকের পর প্রধানমন্ত্রীদের উপস্থিতিতে সংস্কৃতি বিষয়ক একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। এছাড়া সন্ত্রাসবাদ দমন বিষয়ে গবেষণা ও সক্ষমতা বৃদ্ধি এবং দ্বিপাক্ষিক বিনিয়োগ সংক্রান্ত আরও দুটি গুরুত্বপূর্ণ দলিল বিনিময় করেন দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীরা। প্রধানমন্ত্রী তারেক রহমানের এই সফরকে স্মরণীয় করে রাখতে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর দপ্তর একটি বিশেষ ভিডিও প্রকাশ করেছে। আজ মঙ্গলবার সকালে আনোয়ার ইব্রাহিমের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত ২ মিনিট ৪০ সেকেন্ডের এই ভিডিওতে আবহ সঙ্গীত হিসেবে ব্যবহার করা হয়েছে হাবিব ওয়াহিদ ও মেহরনিগরি রুস্তামের গাওয়া জনপ্রিয় বাংলা গান 'মহাজাদু'। ভিডিওতে দুই দেশের বাণিজ্য, বিনিয়োগ, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), ডিজিটাল অর্থনীতি ও হালাল শিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

### রোহিঙ্গা সংকট সমাধানে আসিয়ানের মাধ্যমে উদ্যোগ

ভিডিওর একটি অংশে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে রোহিঙ্গা সংকট নিয়ে কথা বলতে শোনা যায়। তিনি আশ্বস্ত করেন যে, বাংলাদেশ ও মালয়েশিয়ায় থাকা রোহিঙ্গা শরণার্থীদের সংকট সমাধানে দুই দেশ যৌথভাবে কাজ করবে। একই সাথে মিয়ানমার কর্তৃপক্ষের ওপর চাপ সৃষ্টি করতে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর কার্যালয় এবং 'আসিয়ান' (ASEAN)-এর মাধ্যমে আলোচনা চালানো হবে। বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার উল্লেখ করে আনোয়ার ইব্রাহিম বলেন, এই সফর দুই দেশের সহযোগিতার এক নতুন দিগন্ত উন্মোচন করল।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## একযোগে পদত্যাগ করলেন বাংলাদেশের ৭ ডেপুটি ও ১০ সহকারী অ্যাটর্নি জেনারেল

বাংলাদেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনাকারী সাত ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১০ জন সহকারী অ্যাটর্নি জেনারেল পদত্যাগ করেছেন। তারা অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার কাছে নিজ নিজ পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে জানা গেছে। আজ (মঙ্গলবার) বিষয়টি নিশ্চিত করেছেন সহকারী অ্যাটর্নি জেনারেল ইমরুল কায়েস রানা। তিনি গণমাধ্যমকে বলেন, "আমরা একযোগে ১৭ জন পদত্যাগ করেছি।" পদত্যাগপত্রে জুলাই সনদ বাস্তবায়ন, বিচার বিভাগের স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠায় ব্যর্থতাসহ সরকারের কিছু পদক্ষেপ এবং মৌলিক মতপার্থক্যের কথা উল্লেখ করা হয়। পদত্যাগকারী ডিএজিরা হলেন- অ্যাডভোকেট ইউসুফ আলী, অ্যাডভোকেট শফিকুর রহমান, অ্যাডভোকেট আবদুল করিম, অ্যাডভোকেট ফরিদ উদ্দিন খান, অ্যাডভোকেট গোলাম রহমান ভুঁইয়া, অ্যাডভোকেট আসাদ উদ্দিন, অ্যাডভোকেট তারিকুল ইসলাম। এএজিরা হলেন- ইমরুল কায়েছ রানা, হুমায়ুন কবির তানিম, আবদুল কাইয়ুম ভুঁইয়া, আবদুল্লাহিল মারুফ ফাহিম, জোয়াদুর রহমান, শামসিল আরেফিন, মাহাবুবা আক্তার রলি, নূর নবী উজ্জ্বল, আল রেজা আমির, রেজাউল ইসলাম।

অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল পদত্যাগপত্র পেয়েছেন বলে নিশ্চিত করেছেন। তিনি জানান, ব্যক্তিগত কারণ দেখিয়ে তিন সহকারী আইন কর্মকর্তা এবং বাকি ১৫ জন জুলাই সনদসহ একই কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন। "আমি দুর্ভাগ্যজনকভাবে দেখছি, তারা পদত্যাগপত্রে এই বিষয়টি উল্লেখ করেছেন, যেটি একটি রাজনৈতিক দল এবং তারা যে রাজনৈতিক দলকে সমর্থন করেন, সেই দলেরই রাজনৈতিক এজেন্ডা। এই কথা উল্লেখের মাধ্যমে এতদিন পর্যন্ত তারা রাষ্ট্রের পক্ষে আইন কর্মকর্তা হিসেবে নিযুক্ত ছিলেন, তাদের নিরপেক্ষতা, সততা, দেশপ্রেম এবং দায়িত্ব ও কর্তব্যের প্রতি তাদের নিষ্ঠাকে প্রশ্নবিদ্ধ করছে।" গতকাল (সোমবার) ডেপুটি অ্যাটর্নি জেনারেল বদিউজ্জামান তপাদারও তার পদ থেকে পদত্যাগ করেছেন। তিনি রাষ্ট্রপতির কাছে আনুষ্ঠানিকভাবে পদত্যাগপত্র জমা দিয়েছেন, যা অ্যাটর্নি জেনারেলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। পদত্যাগপত্রে বদিউজ্জামান তপাদার উল্লেখ করে বলেন, ২০২৪ সালের জুলাই-আগস্টের অভ্যুত্থানের পর একই বছরের আগস্ট মাসে তাকে বাংলাদেশের ডেপুটি অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেওয়া হয়। এই নিয়োগের জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, তার নাম প্রস্তাবকারী ও সুপারিশকারীদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি আরও বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকে তিনি শ্রদ্ধা, সততা ও নিষ্ঠার সঙ্গে তার ওপর অর্পিত দায়িত্ব পালনের চেষ্টা করেছেন। তবে বর্তমানে ব্যক্তিগত বিশেষ অসুবিধার কারণে তিনি ডেপুটি অ্যাটর্নি জেনারেলের পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। এর আগে, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে সম্পাদক পদে প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়ে রেজাউল করিম পদত্যাগ করেন। এছাড়া জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে ডেপুটি অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমানও পদত্যাগ করেছিলেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৩.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ইসরায়েলি বাহিনী নিয়ন্ত্রণ সম্প্রসারণ করায় গাজায় আরও বাসিন্দা বাস্তুচ্যুত

ইসরায়েলি বাহিনী আবাসিক এলাকাগুলোর আরও গভীরে প্রবেশ করায় গাজার জনগণ মানবিক পরিস্থিতির উন্নতির জন্য আন্তর্জাতিক সাহায্যের আহ্বান জানাচ্ছে। অক্টোবর মাসে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরেও ইসরায়েলি বাহিনী সেখানে থেকে যায় এবং এখন গাজার প্রায় ৬০ শতাংশ নিয়ন্ত্রণ করছে। ইসলামপন্থি গোষ্ঠী হামাসের উপর চাপ সৃষ্টি করতে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু মে মাসে এই হার বৃদ্ধি করে ৭০ শতাংশ করার নির্দেশ দিয়েছেন। ইসরায়েলি বাহিনী 'ইয়েলো লাইন' নামে পরিচিত একটি রেখা দিয়ে তাদের নিয়ন্ত্রণাধীন এলাকা চিহ্নিত করেছে। জাতিসংঘের মানবিক সহায়তা সমন্বয় কার্যালয় শনিবার জানিয়েছে যে, উত্তর গাজা শহরে হলুদ রঙের কংক্রিটের ব্লক স্থাপন করা হয়েছে। এদিকে, আরব গণমাধ্যমগুলো জানিয়েছে যে, এর ফলে ইয়েলো লাইন কয়েক শত মিটার সরে যাওয়ায় বহু পরিবারকে অন্যত্র চলে যেতে বাধ্য করা হয়েছে। বাসিন্দারা বলছেন, পার্শ্ববর্তী এলাকাগুলোতে গোলাবর্ষণ এবং ড্রোন হামলা চলার সময় মাঝরাতে, সতর্কতা ছাড়াই ব্লকগুলো হঠাৎ করে আনা হয়।

(এনএইচকে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশের ট্রাম্পকে সাভারের প্রাণিসম্পদ ইনস্টিটিউটে পাঠানো হলো

মিরপুরের জাতীয় চিড়িয়াখানা থেকে ডোনাল্ড ট্রাম্প নামের মহিষটিকে সাভারের বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে নেওয়া হয়েছে। অ্যালবিনো জাতের মহিষটিকে আপাতত কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। ১৪ থেকে ২১ দিন তাকে আলাদা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিএলআরআই কর্মকর্তারা জানান, গত রোববার প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় চিড়িয়াখানা থেকে মহিষ ডোনাল্ড ট্রাম্পকে আনুষ্ঠানিকভাবে বিএলআরআইয়ের কাছে হস্তান্তর করা হয়েছে। মহিষটির বর্তমান অবস্থা পর্যবেক্ষণ ও গবেষণার লক্ষ্যে মহিষ উৎপাদন গবেষণা বিভাগের প্রধান ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা গৌতম কুমার দেবকে প্রধান করে ১৩ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। ২১ দিন পর মহিষটিকে নিয়ে গবেষণা শুরু হবে বলে গৌতম কুমার দেব জানিয়েছেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রনি)

### ১১৫ দিন আটকে থাকার পর হরমুজ পার করলো বাংলার জয়যাত্রা জাহাজ

অবশেষে হরমুজ প্রণালি অতিক্রম করেছে 'এমভি বাংলার জয়যাত্রা'। ভোর ৩টার দিকে বাংলাদেশ শিপিং করপোরেশনের এই জাহাজ হরমুজ অতিক্রম করে। ইরান যুদ্ধের কারণে ১১৫ দিন পারস্য উপসাগরে আটকে ছিল জাহাজটি। সোমবার ইরানের বাহিনীর অনুমতি পাওয়ার পরই জাহাজটি হরমুজ অতিক্রম করলো। তাতে জাহাজে থাকা ৩১ জন বাংলাদেশি নাবিকের দীর্ঘ অপেক্ষার অবসান ঘটলো। জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী সংস্থা মেরিন ট্রাফিকের ওয়েবসাইটে মঙ্গলবার সকাল ৮টায় দেখা যায়, এমভি বাংলার জয়যাত্রা জাহাজটি হরমুজ অতিক্রম করার পর সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরা বন্দরের দিকে যাচ্ছে। জাহাজটির গতি ছিল সাত নটিক্যাল মাইল।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রনি)

### ঢাকায় আওয়ামী লীগ, অঙ্গসংগঠনের ২৬ নেতা-কর্মী গ্রেফতার

বাংলাদেশের রাজধানী ঢাকার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের ২৬ নেতা-কর্মীকে গ্রেফতার করার কথা জানিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। আজ মঙ্গলবার ডিএমপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল সোমবার পৃথক অভিযান চালিয়ে এই ব্যক্তিদের গ্রেফতার করা হয়। ডিএমপির অতিরিক্ত উপ-কমিশনার (মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ) নিয়াজ মেহেদীর পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে থানাভিত্তিক গ্রেফতারের সংখ্যা উল্লেখ করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, রাজধানীর আটটি থানা এলাকায় অভিযান চালিয়ে এই ২৬ জনকে গ্রেফতার করা হয়েছে। থানাভিত্তিক গ্রেফতারের সংখ্যা হলো রমনা থানা ২ জন, ধানমন্ডি থানা ১০ জন, বংশাল থানা ১ জন, খিলক্ষেত থানা ২ জন, কদমতলী থানা ১ জন, মোহাম্মদপুর থানা ৮ জন, মিরপুর থানা ১ জন ও তুরাগ থানা ১ জন। গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে ডিএমপি। তারা বলছে, জননিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রনি)

### তেল নিয়ে ইরানের উপর থেকে নিষেধাজ্ঞা তুললো আমেরিকা

আমেরিকার ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স জানিয়েছেন, আগামী ৬০ দিনের জন্য ইরানের উপর থেকে এই নিষেধাজ্ঞা তুলে নেওয়া হলো। আমেরিকা আশা করছে, ইরানও হরমুজ প্রণালি পুরোপুরি খুলে দেবে এবং পরমাণু পরীক্ষাগারে আন্তর্জাতিক বিশেষজ্ঞদের পরিদর্শন করতে যেতে দেবে। ভাইস প্রেসিডেন্টের বক্তব্য, পরবর্তী আলোচনার একটি সদর্থক জায়গা তৈরি করার চেষ্টা হয়েছে শেষ বৈঠকে। আগামী ৬০ দিন যদি দুই তরফই চুক্তি মেনে চলে, তাহলে আগামী বৈঠকে বহু সমস্যার সমাধান সম্ভব। ইরান এবং আমেরিকার আলোচনায় মধ্যস্থতাকারীর ভূমিকা নিয়েছে পাকিস্তান ও কাতার। পাকিস্তানের প্রতিনিধি সংবাদমাধ্যমকে জানিয়েছেন, আগামী ৬০ দিনের মধ্যে পরবর্তী আলোচনার একটি পরিকল্পনা বা রোডম্যাপ তৈরি করা হয়েছে। দুই দেশই সেই রোডম্যাপে সায় দিয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### বিশ্ব দরবারে বাংলাদেশের দৃঢ় অবস্থান নিশ্চিত করছেন প্রধানমন্ত্রী

চীনের দালিয়ানে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) সামার দাভোস-২০২৬-কে কেন্দ্র করে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বিদেশ সফরের বিভিন্ন দিক তুলে ধরেছেন তার উপদেষ্টা মাহদী আমিন। মঙ্গলবার (২৩ জুন) দালিয়ানে এক প্রেস কনফারেন্সে তিনি বলেন, সমতা, ন্যায্যতা ও ভারসাম্যের মাধ্যমে বিশ্ব দরবারে বাংলাদেশের মর্যাদা, সম্মান ও দৃঢ় অবস্থান নিশ্চিত করছেন প্রধানমন্ত্রী। সাংবাদিকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এই মুখপাত্র জানান, বাংলাদেশের প্রধানমন্ত্রীর এই বিদেশ সফর কাভার করতে অনেক সাংবাদিক ঢাকা ও মালয়েশিয়া থেকে দালিয়ানে এসেছেন। মাহদী আমিন জানান, গত রাতে মালয়েশিয়ার কুয়ালালামপুর থেকে দালিয়ান আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী ও তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমানসহ ২১ সদস্যের একটি প্রতিনিধি দল। এর মধ্যে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপদেষ্টা পদমর্যাদার আটজন রয়েছেন। তিনি বলেন, এই প্রতিনিধি দল সীমিত পরিসরেই বহুপাক্ষিক আলোচনায় বাংলাদেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো তুলে ধরছে। চীনের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল প্রধানমন্ত্রীকে লাল গালিচা সংবর্ধনা জানিয়ে মোটর শোভাযাত্রার মাধ্যমে হোটেলে পৌঁছে দেয় বলেও তিনি উল্লেখ করেন। চীনের এই সম্মাননার জন্য তিনি দেশটির সরকারকে ধন্যবাদ জানান। মালয়েশিয়া সফরের প্রসঙ্গে তিনি বলেন, স্বল্প সময়ের মধ্যেও প্রধানমন্ত্রী দেশটির প্রধানমন্ত্রী ও রাজাসহ গুরুত্বপূর্ণ নেতাদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা করেছেন। মাহদী আমিন আরও জানান, চীনে এসে প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক নয়, বরং বহুপাক্ষিক বিষয়ে বৈশ্বিক নেতাদের সঙ্গে আলোচনা শুরু করেছেন। ডব্লিউইএফ আয়োজিত সামার দাভোস ২০২৬-এ বিভিন্ন দেশের প্রতিনিধি, রাষ্ট্র ও সরকারপ্রধান, ব্যবসায়ী, প্রযুক্তি উদ্ভাবক, শিক্ষাবিদ ও করপোরেট নেতারা অংশ নিচ্ছেন বলেও তিনি জানান। এবারের প্রতিপাদ্য 'Innovating at Scale'. প্রধানমন্ত্রীর মুখপাত্র বলেন, এটি একজন সরকার প্রধান হিসেবে প্রধানমন্ত্রীর প্রথম বৈশ্বিক সম্মেলনে অংশগ্রহণ। এর উদ্দেশ্য বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ, কর্মসংস্থান সৃষ্টি, জলবায়ু সহনশীলতা ও টেকসই উন্নয়নকে আন্তর্জাতিক অংশীদারিত্বের সঙ্গে যুক্ত করা। তিনি বলেন, বাংলাদেশ ব্যবসার জন্য উন্মুক্ত- এই বার্তার মাধ্যমে বৈশ্বিক বিনিয়োগকারীদের জন্য আস্থাশীল ও প্রতিযোগিতামূলক পরিবেশ গড়ে তোলা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

### প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হতে চীন যাচ্ছেন স্বপন ও এ্যানি

চীনে সফররত প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরসঙ্গী হিসেবে বেইজিং যাচ্ছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এবং পানিসম্পদমন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। মঙ্গলবার (২৩ জুন) রাতে তারা ঢাকা থেকে চীনের উদ্দেশ্যে রওয়ানা হবেন বলে জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। তিনি বলেন, সফরকালে দুই মন্ত্রী বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মসূচি ও ইস্যুতে অংশ নেবেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রীর চীন সফরে সফরসঙ্গী হিসেবে তিনজন পূর্ণমন্ত্রী রয়েছেন। তারা হলেন পররাষ্ট্রমন্ত্রী, তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং পানি সম্পদমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## লুটপাটকারী-মাফিয়া-চোর-বাটপারের খুব বেশি নৈতিক সাহস থাকে না

কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের বড়ো গলা হতে (মাথা উঁচু করে দাঁড়াতে) আমাদের সবার স্মৃতিশক্তি (মেমোরি) শেষ হয়ে যেতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। আওয়ামী লীগের উদ্দেশ্যে তিনি বলেন, "লুটপাটকারী, মাফিয়া, চোর-বাটপারের খুব বেশি নৈতিক সাহস থাকে না।" মঙ্গলবার (২৩ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে বিভিন্ন রাজনৈতিক দল রাস্তায় নেমেছে। দলটির প্রতিষ্ঠা বার্ষিকী ঘিরে ছয়টি জেলায় সেনাবাহিনী মোতায়েনকে সরকার কতটুকু যুক্তিযুক্ত মনে করছে? এ বিষয়ে প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, "আচ্ছা, প্রথম কথা হচ্ছে রাজনৈতিক দলগুলো আমি মনে করি, তারা একটা সিম্বলিক কারণে আছে। কারণ হচ্ছে, একটা নিষিদ্ধ ঘোষিত দল, নিষিদ্ধ ঘোষিত আসলে কথাটা ঠিক না, আমরা টেকনিক্যালি যদি বলি, নাম যদি এভাবে বলি আওয়ামী লীগ, দলটা নিষিদ্ধ হবে কী, হবে না- এই জিনিসটা একটু ক্লিয়ার করে রাখা দরকার, সেটার নির্ধারিত হবে আদালতে, আইসিটি-তে (আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল)। তারা মানবতাবিরোধী অপরাধে যুক্ত ছিল কী, ছিল না- সেই বিচারের পর নির্ধারিত হবে।" তিনি বলেন, "যেটা হয়েছে, ওই পর্যন্ত যেহেতু তারা বিচারাধীন থাকবে, সেই পর্যন্ত তাদের কর্মকাণ্ড নিষিদ্ধ থাকবে সন্ত্রাস দমন আইন-২০০৯ এর অধীনে। সো তাদের কর্মসূচি নিষিদ্ধ। এই দলটা এখন যে-কোনো কর্মসূচি নিয়ে যদি মাঠে নামতে চায়, সেটা তারা একটা আইন ভঙ্গকারী কাজ করছে। সো সরকার সেখানে ব্যবস্থা নেবে এটাই স্বাভাবিক এবং রাজনৈতিক দলগুলোর আসলে ওখানে করার কিছু নেই, এটা তারা সিম্বলিক্যালি হয়ত মাঠে আছেন, যেহেতু তারা বলছেন, তারা অনেক কিছু করে ফেলবেন। আর সেনাবাহিনী মোতায়েন নিয়ে আমি যেটা বলবো, এর মানে এই না যে, অনেক কিছু তারা করে ফেলতে পারে। আমি ব্যক্তিগতভাবে মনে করি না, আওয়ামী লীগের সেই রকম নৈতিক সাহসও আছে। অ্যাটলিস্ট একটা নৈতিক সাহস লাগে। আমরা একটা কথা বলি না, চোরের মায়ের বড়ো গলা। মানে আওয়ামী লীগের বড়ো গলা হতে আমাদের সবার মেমোরি শেষ হয়ে যেতে হবে। আমাদের সবার ডিমেনশিয়া (স্মৃতিশক্তি লোপ পাওয়া রোগ) হবে, তারপর কোনোদিন আওয়ামী লীগ আমাদের সামনে বড়ো গলা করে কথা বলতে পারবে, এর আগে আমার মনে হয় না।" জাহেদ উর রহমান আরও বলেন, "সো তাদের ওই নৈতিক সাহসও নেই। নৈতিক সাহস যদি না থাকে...কিছু লুটপাটকারী, মাফিয়া, চোর-বাটপারের আসলে খুব বেশি নৈতিক সাহস থাকে না।"
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## তাজিয়া মিছিলে অস্ত্র-আতশবাজি নিষিদ্ধ : ডিএমপি

আশুরা উপলক্ষ্যে আগামী শুক্রবার অনুষ্ঠেয় তাজিয়া মিছিলে বিভিন্ন ধরনের অস্ত্র বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। রোববার (২৩ জুন) ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে এ নিষেধাজ্ঞার কথা জানানো হয়। এতে বলা হয়, তাজিয়া মিছিলে কিছু ব্যক্তি দা, ছোরা, কাটা, বর্শা, বল্লম, তরবারি ও লাঠি নিয়ে অংশগ্রহণ করে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি করেন, যা জননিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ এবং সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক তৈরি করে। মহররম উপলক্ষ্যে আতশবাজি ও পটকা ফোটানোর রেওয়াজ থাকলেও, তা ধর্মীয় ভাবগাম্ভীর্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলে বিজ্ঞপ্তিতে বলা হয়। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, তাজিয়া মিছিলের শুরু থেকে শেষ পর্যন্ত অস্ত্রসদৃশ সামগ্রী বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## প্রতিষ্ঠাবার্ষিকীতে কার্যক্রম নিষিদ্ধ দলের পরিকল্পনা নস্যাৎ করা হয়েছে

কার্যক্রম নিষিদ্ধ একটি দল (আওয়ামী লীগ) তাদের প্রতিষ্ঠাবার্ষিকীতে মিছিল, সমাবেশ বা জমায়েত করে বর্তমান সরকারকে বিব্রত ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি করার পরিকল্পনা করেছিল। এমনটি জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ। তিনি বলেন, তাদের এই পরিকল্পনা নস্যাৎ করে দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) রাজধানীর পুরান ঢাকার হোসেনি দালান ইমামবাড়া আয়োজিত পবিত্র আশুরা উদ্যাপন ও তাজিয়া শোক মিছিল উপলক্ষ্যে ডিএমপি আয়োজিত এক সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে এসব বলেন তিনি। মোসলেহ্ উদ্দিন আহমদ বলেন, আজকে কার্যক্রম নিষিদ্ধ একটি দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ঢাকা শহরের বিভিন্ন জায়গায় মিছিল বা সমাবেশ বা জমায়েত হওয়ার গোয়েন্দা রিপোর্ট আমাদের কাছে ছিল। সেই অনুযায়ী আমরা গত তিনদিন থেকে ঢাকা শহরের বিভিন্ন জায়গায় বিশেষ করে ঢাকার সীমান্তবর্তী এলাকাগুলোতে চেকপোস্ট জোরদার করেছি, পিকেট, মোবাইল পেট্রোল, ফুট পেট্রোলের সংখ্যা বাড়িয়েছি। সাদা পোশাকে ডিউটি ও টহল বাড়িয়েছি। কার্যক্রম নিষিদ্ধ দলটির কর্মী বা সমর্থকরা বিভিন্ন জায়গায় জড়ো হয়ে মিছিল বা জমায়েতের সম্ভাবনার কথা বিবেচনায় রেখে আমরা প্রত্যেকটি সন্দেহজনক জায়গা, যেমন- মেস, হোটেল এবং বিভিন্ন জায়গায় তল্লাশি করেছি এবং আমরা বেশ কয়েকজন নেতাকর্মীকে গ্রেফতার করেছি। তিনি বলেন, আমাদের মনে হয়েছে, তারা আজকে মিছিল, সমাবেশ বা জমায়েত হওয়ার মাধ্যমে সরকারকে একটা বিব্রতকর অবস্থায় ফেলতে চায়, আইন-শৃঙ্খলার অবনতি ঘটাতে চায়।

ডিএমপির সদস্যরা তাদের এই পরিকল্পনাকে এখন পর্যন্ত নস্যাৎ করে দিয়েছে এবং আশা করি, আর যতটুকু আছে, এই সময়ের মধ্যেও তারা কোথাও মিছিল বা সমাবেশ বা জমায়েত হতে পারবে না।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## এ জাতি দিল্লির গোলাম হবে না : রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, শেখ হাসিনা নির্বাচন কেড়ে নিয়ে দুঃশাসন ও রক্তপিপাসু সরকার গঠন করেছিলেন। আবার গুমের রাজত্ব ফিরে আসবে, জনগণ সেটা সমর্থন দেবে? না। একটা মুক্তিযুদ্ধে ২ লাখ মা-বোন নির্যাতিত হলেন, সেই জাতিকে আপনারা গোলাম বানাবেন? দিল্লির কৃতদাস বানাবেন? এটা হবে না। এ দেশের জনগণ হতে দেবে না। মঙ্গলবার (২৩ জুন) নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে বিএনপি ও অঙ্গ সংগঠনের উদ্যোগে মিছিল শেষে এক সংক্ষিপ্ত সমাবেশে তিনি এসব কথা বলেন। মিছিলটি কেন্দ্রীয় কার্যালয় থেকে শুরু হয়ে নাইটেঙ্গেল মোড় ঘুরে ফের নয়াপল্টনের সামনে সংক্ষিপ্ত সমাবেশের মধ্যদিয়ে শেষ হয়। রিজভী বলেন, বিএনপি ও এর বিভিন্ন অঙ্গসংগঠন যৌথভাবে প্রতিবাদ মিছিল করেছে। মিছিলের উদ্দেশ্য হলো ফ্যাসিবাদের উঁকি দেওয়ার চেষ্টা প্রতিহত করা। যারা জনগণের জীবন থেকে সুন্দর ভোর, সূর্যের আলো, স্বাভাবিক ও সুস্থ জীবনযাপন এবং মানুষের বাঁচার অধিকার কেড়ে নিয়েছিল, তারা এখন নানা কায়দায় তাদের চুরি ও পাচার করা অর্থ ব্যবহার করে দেশে অস্থিতিশীলতা ও সন্ত্রাসী কর্মকাণ্ড সৃষ্টির চেষ্টা করছে। তিনি বলেন, দীর্ঘদিন পর জনগণের ম্যান্ডেটে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন হয়েছে। শেখ হাসিনা যে নির্বাচন কেড়ে নিয়ে দুঃশাসন ও রক্তপিপাসু সরকার গঠন করেছিলেন, সেই পরিস্থিতির বিরুদ্ধে জনগণের স্বতঃস্ফূর্ত ম্যান্ডেটের মধ্যদিয়ে গঠিত তারেক রহমানের নেতৃত্বাধীন গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র ও চক্রান্তের বেড়াজাল তৈরির চেষ্টা চলছে। আওয়ামী লীগের উদ্দেশ্যে রিজভী বলেন, আমাদের যখন ১৭ বছর দমাতে পারেননি, বাড়িতে বাড়িতে পুলিশ পাঠিয়েছেন, র‌্যাব পাঠিয়েছেন, গোয়েন্দা পুলিশ পাঠিয়েছেন, জনির মতো অসংখ্য জাতীয়তাবাদের সৈনিককে হত্যা করেছেন। ইলিয়াস আলী, চৌধুরী আলম, সাইফুল ইসলাম হিরুসহ অসংখ্য নেতাকে গুম করেছেন। আবার গুমের রাজত্ব ফিরে আসবে, জনগণ সেটা সমর্থন দেবে? না। আবার ক্রসফায়ার ফিরে আসবে, জনগণ সেটাকে সমর্থন দেবে? না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## ভয়াবহ রূপ নিয়েছে যমুনার ভাঙন

বগুড়ার ধুনট উপজেলায় যমুনা নদীর অব্যাহত ভাঙন ভয়াবহ রূপ নিয়েছে। পানি উন্নয়ন বোর্ড (পাউবো) বালুভর্তি জিও ব্যাগ ও টিউব ফেলে ভাঙন ঠেকানোর চেষ্টা করলেও থামছে না নদীর আগ্রাসন। ভাঙন ধেয়ে আসছে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ও জনবসতির দিকে, ফলে চরম আতঙ্কে দিন কাটাচ্ছেন নদীপাড়ের মানুষ। মঙ্গলবার (২৩ জুন) সকাল ৬টায় উপজেলার শহড়াবাড়ি যমুনা নদীর ঘাট এলাকায় জিও ব্যাগ ও টিউব ফেলার স্থানে ফের ভাঙন দেখা দিয়েছে। জানা গেছে, ভয়াবহ ভাঙনে প্রায় ৫৫ মিটার অংশের জিও ব্যাগ ও টিউবসহ নদীগর্ভে বিলীন হয়েছে। এ নিয়ে গত তিনদিনে প্রায় ১৫০ মিটার অংশ নদীতে বিলীন হয়। অথচ সেখানে ভাঙন ঠেকাতে তিনদিন ধরে বালু ভর্তি জিও ব্যাগ এবং টিউব ফেলা অব্যাহত রয়েছে। তবে নদীপাড়ের মানুষের দাবি, এখন ভাঙনরোধে স্থায়ী সমাধান দরকার। স্থানীয় সূত্র জানায়, উপজেলার ভান্ডারবাড়ী ইউনিয়নের শহরাবাড়ি গ্রামে গত বছর অক্টোবরে যমুনা নদীর আকস্মিক ভাঙনে সমতল ভূমিসহ ৯টি ব্যবসা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে যায়। সে সময় স্থানীয়দের অভিযোগ ছিল, যমুনা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন করার কারণে নদীর তলদেশ ফাঁকা হয়ে যাওয়ায় এবং পানির প্রবল স্রোতে ঘূর্ণাবর্তে এই ভয়াবহ বিপর্যয় ঘটে। পরবর্তীতে ভাঙনকবলিত তীর ধরে বালু ভর্তি জিও ব্যাগ ও টিউব ফেলে ডাম্পিং করার মাধ্যমে ভাঙন রোধ করা হয়। কিন্তু সম্প্রতি যমুনা নদীতে আবারও পানি বৃদ্ধি পাওয়ায় শুক্রবার থেকে শহরাবাড়ি ও বানিয়াজান স্পারের মধ্যবর্তী কয়েকটি স্থানে নদী ভাঙন দেখা দিয়েছে। প্রবল স্রোতের কারণে ঘূর্ণাবর্তের সৃষ্টি হয়ে পানি নদীপাড়ে আঘাত হানছে। এতে জিও ব্যাগ দিয়ে তীর সংরক্ষিত এলাকাতেও ভাঙন দেখা দিয়েছে। ভাঙনের হুমকির মুখে রয়েছে বিস্তীর্ণ ফসলের জমি। এ কারণে স্থানীয় লোকজনের মাঝে নতুন করে ভাঙন আতঙ্ক দেখা দেয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## স্বাস্থ্য সচিবের সাক্ষাৎ পাননি আদ্-দ্বীনের বিদেশি ইন্টার্ন চিকিৎসকরা

রাজধানীর মগবাজারের আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালের লাইসেন্স বাতিল হওয়ায় চরম আইনি জটিলতা ও পেশাগত ভবিষ্যতের অনিশ্চয়তার মুখে পড়েছেন প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত ও ইন্টার্নশিপে থাকা বিদেশি শিক্ষার্থীরা। উদ্ভূত সংকট নিরসনে ঊর্ধ্বতন কর্মকর্তাদের দ্বারে দ্বারে ঘুরেও এখনো কোনো সমাধান পাননি তারা। স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পর এবার স্বাস্থ্য সচিবের সাক্ষাৎ পেতে সচিবালয়ে গেলেও তার দেখা পাননি ভুক্তভোগী বিদেশি ইন্টার্ন চিকিৎসকদের একটি দল। তবে এ জটিলতা দ্রুত কাটবে এবং কর্তৃপক্ষ একটি গ্রহণযোগ্য সমাধান বের করবে বলে এখনো আশাবাদী তারা। মঙ্গলবার (২৩ জুন) সকালে সচিবালয়ের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিদেশি শিক্ষার্থীরা তাদের উদ্বেগ ও প্রত্যাশার কথা জানান। আদ্-দ্বীন মেডিকেল কলেজের কয়েকজন বিদেশি শিক্ষার্থী বলেন, 'আদ্-দ্বীন হাসপাতালের লাইসেন্স বাতিল হওয়ায় আমাদের ভবিষ্যৎ ও পেশাগত জীবন চরম অনিশ্চয়তার মুখে পড়েছে। নিয়ম অনুযায়ী, যে মেডিকেল কলেজ থেকে এমবিবিএস শেষ করা হয়, সেই মেডিকেল কলেজের

হাসপাতালেই ইন্টার্নশিপ সম্পন্ন করতে হয়। অন্যথায় নিজ দেশে ফিরে গিয়ে চিকিৎসা পেশায় যুক্ত হওয়া সম্ভব হবে না। আমরা বর্তমানে অত্যন্ত সংবেদনশীল ও জটিল পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছি।'
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## সাইপ্রাসে বাংলাদেশি শিক্ষার্থীকে হত্যা, রিমান্ডে চাঞ্চল্যকর তথ্য

সাইপ্রাসে বাংলাদেশি শিক্ষার্থী শাহরিয়ার আহমেদ ইমন (২২) হত্যাকাণ্ডের ঘটনায় অভিযুক্ত ২২ বছর বয়সি আরেক বাংলাদেশি যুবককে আটদিনের রিমান্ডে নিয়েছেন দেশটির লারনাকা জেলা আদালত। রিমান্ডে ইমনকে হত্যার কথা স্বীকার করে ঘটনার বর্ণনা দিয়েছে বলে জানিয়েছে দেশটির স্থানীয় গণমাধ্যম। জানা গেছে, ঘাতকের নাম শাহিন বাবু। সে তুর্কি সাইপ্রাস থেকে অবৈধভাবে গ্রিক সাইপ্রাসে প্রবেশ করে বসবাস করতো। পুলিশ জানায়, জবানবন্দিতে শাহিন বাবু জানিয়েছেন, গত ৭ জুন একটি বাসে তার সঙ্গে ইমনের পরিচয় হয়। সেখানে ইমন তার কাছে কাজ খুঁজে দেওয়ার অনুরোধ করেন এবং তারা মোবাইল নম্বর বিনিময় করেন। অভিযুক্ত বাবু দাবি করেন, বাসে কথা বলার একপর্যায়ে সে ইমনের কাছে মোবাইলের ওয়াই-ফাই হটস্পট শেয়ার করতে বললে ইমন তা প্রত্যাখ্যান করেন এবং তাকে অপমান করেন। এ নিয়ে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। এতেই ক্ষিপ্ত হয়ে হত্যার পরিকল্পনা করেন। জবানবন্দি অনুযায়ী, ঘাতক ৯ জুন একটি সুপারমার্কেট থেকে ছুরি কিনে ইমনকে হত্যার পরিকল্পনা করে। ১১ জুন সে ইমনের সঙ্গে যোগাযোগ করে এবং প্রতিদিন ৫০ ইউরো মজুরিতে কাজের প্রলোভন দেয়। ওইদিন সন্ধ্যায় ইমন কোফিনু এলাকায় তার সঙ্গে দেখা করতে যান। পরে তারা কোফিনু কসাইখানার দিকে হাঁটতে থাকেন। সেখানে অভিযুক্ত যুবক ইমনকে একাধিকবার ছুরিকাঘাত করে। এরপর সে ইমনকে টেনে নির্জন স্থানে নিয়ে যায়। সেখানে গিয়ে দেখে তখনও জীবিত ছিল। পরে ঘাতক কাপড় দিয়ে শ্বাসরোধ করে তাকে হত্যা করে। হত্যার পর ঘাতক নিহত ইমনের মোবাইল ফোন ব্যবহার করে তার বাবার কাছে ৩৫ হাজার ইউরো মুক্তিপণের বার্তা পাঠায়। রিমান্ড আদেশে বলা হয়েছে, রাত ১০টা ৩৮ মিনিটে ইমনের বাবার মোবাইলে বাংলায় একটি বার্তা আসে, যেখানে লেখা ছিল, "Please save me, otherwise they will kill me" (দয়া করে আমাকে বাঁচান, না হলে তারা আমাকে হত্যা করবে)। পরে আরও কয়েকটি বার্তায় রোববারের মধ্যে ৩৫ হাজার ইউরো মুক্তিপণ দাবি করা হয়। বার্তাগুলোতে সতর্ক করে বলা হয়, অর্থ পরিশোধ না করলে বাবা আর কখনও তার ছেলেকে দেখতে পাবেন না। এমনকি ভুক্তভোগীর কিডনি অপসারণ করে বিক্রি করারও হুমকি দেওয়া হয়। ইমনের বাবা ছেলেকে দেখতে চাইলে তার ফোন বন্ধ হয়ে যায়। তদন্তে পুলিশ ইমনের মোবাইল ফোনের সর্বশেষ সিগন্যাল কোফিনু এলাকায় শনাক্ত করে। পরে অভিযুক্তের মোবাইল ফোনে ইমনের সিম কার্ড পাওয়া যায়। গ্রেফতারের সময় তার কাছে দুটি মোবাইল ফোন পাওয়া যায়। সে স্বীকার করে যে, দ্বিতীয় ফোনটি ইমনের। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## কুড়িগ্রামে বাড়ছে নদ-নদীর পানি, নিম্নাঞ্চলে বন্যার শঙ্কা

উজানের ঢল ও কয়েক দিনের টানা বৃষ্টিতে কুড়িগ্রামের প্রধান নদ-নদীগুলোর পানি বৃদ্ধি অব্যাহত রয়েছে। জেলার সব নদীর পানি এখনো বিপৎসীমার নিচ দিয়ে প্রবাহিত হলেও তিস্তা তীরবর্তী চরাঞ্চলে বন্যা আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বিভিন্ন এলাকায় নদীভাঙনও দেখা দিয়েছে। পানি উন্নয়ন বোর্ড (পাউবো) বলছে, আগামী ৭২ ঘণ্টায় তিস্তার পানি আরও বাড়তে পারে এবং নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে। কুড়িগ্রাম পাউবোর তথ্যমতে, মঙ্গলবার (২৩ জুন) সকাল ৬টায় তিস্তা নদীর পানি কাউনিয়া পয়েন্টে ১৩ সেন্টিমিটার বেড়ে বিপৎসীমার ৩৬ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছিল। একই সময়ে ধরলা নদীর পানি তালুক শিমুলবাড়ী পয়েন্টে ৩ সেন্টিমিটার বেড়ে বিপৎসীমার ৯৪ সেন্টিমিটার নিচ দিয়ে এবং ব্রহ্মপুত্র নদ নুনখাওয়া পয়েন্টে দুই সেন্টিমিটার বেড়ে বিপৎসীমার এক দশমিক ৬৬ মিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছিল। সকাল ৯টায় দুধকুমার নদের পানি পাটেশ্বরী পয়েন্টে বিপৎসীমার ৬৩ সেন্টিমিটার নিচে ছিল। পানি বাড়তে শুরু করায় তিস্তা তীরবর্তী চরাঞ্চলের নিচু জমিগুলো তলিয়ে যেতে শুরু করেছে। এতে কৃষকদের মধ্যে ফসলহানির শঙ্কা দেখা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## তারেক রহমানের সফরের মধ্যেই চীনের শীর্ষ কূটনীতিকের সঙ্গে বৈঠকে ভারত

বাংলাদেশে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের চলমান চীন সফরের মধ্যেই নয়াদিল্লিতে চীনের শীর্ষ কূটনীতিক ওয়াং ইয়ের সঙ্গে বৈঠক করেছেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। সোমবার (২২ জুন) ভারতের রাজধানী দিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস (BRICS) জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের ফাঁকে এই আলোচনা অনুষ্ঠিত হয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ব্রিকস জোটের বর্তমান চেয়ারম্যান হিসেবে ভারত ২৩ ও ২৪ জুন (সোমবার ও মঙ্গলবার) দিল্লিতে ব্রিকসভুক্ত দেশগুলোর জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের আয়োজন করেছে। এই বৈঠকের সাইডলাইনে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল ও চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ইয়ের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনা অনুষ্ঠিত হয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বৈঠকটিকে 'গঠনমূলক এবং ভবিষ্যতমুখী' বলে বর্ণনা করেছে। মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, দুই নেতা সাম্প্রতিক দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন অগ্রগতি নিয়ে আলোচনা করেছেন ও উভয়পক্ষই সম্পর্ক ধীরে ধীরে স্বাভাবিক হওয়ার পথে এগোচ্ছে বলে মতপ্রকাশ করেছেন। ভারত ও চীনের সম্পর্ক ২০২৪ সালে উন্নতির দিকে যেতে শুরু করে। এর আগে, ২০২০ সালের সীমান্ত সংঘর্ষকে কেন্দ্র করে দুই

প্রতিবেশী দেশের মধ্যে দীর্ঘ কয়েক বছর ধরে উত্তেজনা ও অচলাবস্থা বিরাজ করেছিল। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশিত বিবরণ অনুযায়ী, বৈঠকে ওয়াং ই বলেন, আমাদের একে অন্যের মৌলিক স্বার্থকে সম্মান করতে হবে ও সংবেদনশীল বিষয়গুলো যথাযথভাবে পরিচালনা করতে হবে। তিনি ভারত ও চীনের মধ্যে বিভিন্ন দ্বিপক্ষীয় সংলাপব্যবস্থা পুনরায় চালুর আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ায় বাংলাদেশের শ্রমবাজার দ্রুত খুলবে, আশা জাহেদ উর রহমানের

প্রধানমন্ত্রীর সফরের পর মালয়েশিয়ায় বাংলাদেশের শ্রমবাজার দ্রুত খুলবে বলে আশা করছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার (২৩ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। প্রধানমন্ত্রী সফরের পর মালয়েশিয়ার বাংলাদেশের জন্য শ্রমবাজার খুলছে কিনা- জানতে চাইলে জাহেদ উর রহমান বলেন, এই ব্যাপারটা আসলে আমার পক্ষে জবাব দেওয়া কঠিন। এটা সংশ্লিষ্ট মন্ত্রণালয় দেবেন কারণ তারা মিটিংয়ে ছিলেন। কিন্তু আমরা এখান থেকে যেটা বুঝতে পারছি, এই ব্যাপারটা ভালোভাবে আলোচনা হয়েছে এবং আমি কিছু ব্যক্তিগত কথাবার্তার ক্ষেত্রে খেয়াল করেছি, আমার কাছে মনে হলো- আমি এটাও আবারও বলছি, খুব নিশ্চিতভাবে বলছি না- এটা খুব দ্রুতই উন্মুক্ত হবে। আমরা এটা আশা করতে পারি, নিশ্চয়ই। গণমাধ্যম কমিশন গঠনের বিষয়ে সরকার তাড়াহুড়ো করতে চায় না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। তিনি জানান, এ বিষয়ে আগে গঠিত কমিশনের প্রতিবেদনকে গুরুত্ব দেওয়া হলেও, সেটির সব সুপারিশের সঙ্গে সরকার শতভাগ একমত নয়। আরও বিস্তৃত আলোচনা ও নতুন বাস্তবতা বিবেচনায় নিয়ে একটি কার্যকর ও স্বাধীন নিয়ন্ত্রক কাঠামো গড়ে তুলতে সময় নেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## ডিএমপির বিশেষ অভিযানে চাঁদাবাজ, মাদক কারবারিসহ ৮২ জন গ্রেফতার

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন ইউনিট পরিচালিত বিশেষ অভিযানে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে চাঁদাবাজ, সন্ত্রাসী, দস্যু, ছিনতাইকারী ও মাদক কারবারিসহ বিভিন্ন অপরাধে জড়িত ৮২ জনকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, সোমবার (২২ জুন) দিনব্যাপী পরিচালিত এ অভিযানে গ্রেফতার ব্যক্তিদের মধ্যে একজন তালিকাভুক্ত ও একজন তালিকাবহির্ভূত চাঁদাবাজ রয়েছেন। এছাড়া সন্ত্রাসী, দস্যু, ছিনতাইকারী ও ডাকাতি-সংশ্লিষ্ট অপরাধে জড়িত ৩৩ জন এবং মাদক কারবারে জড়িত ৩৭ জনকে গ্রেফতার করা হয়েছে। অন্যদিকে, ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) পৃথক অভিযানে আরও ১০ জনকে গ্রেফতার করেছে। তাদের মধ্যে জালিয়াতি ও প্রতারণা মামলায় দুইজন, চুরির মামলায় দুইজন এবং মাদক মামলায় ছয়জন রয়েছেন। নিয়াজ মেহেদী বলেন, জননিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে। গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## চবিতে নিষিদ্ধ ছাত্রলীগের তৎপরতার অভিযোগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের তৎপরতার অভিযোগকে কেন্দ্র করে পৃথক কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির। সোমবার (২২ জুন) সকালে সামাজিক যোগাযোগমাধ্যমে চবি ক্যাম্পাসে ছাত্রলীগের একটি মোটরসাইকেল শোডাউনের ভিডিও ছড়িয়ে পড়ে। ফলে রাতে পৃথক কর্মসূচি পালন করে ছাত্রদল ও ছাত্রশিবির দুই সংগঠন। রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল জিরো পয়েন্ট থেকে একটি মিছিল বের করে। মিছিলটি সোহরাওয়ার্দী মোড় প্রদক্ষিণ করে পুনরায় জিরো পয়েন্টে শেষ হয়। এ সময় ছাত্রদলের নেতাকর্মীরা বিভিন্ন স্লোগান দেন। সমাবেশে চবির শাখা ছাত্রদলের সভাপতি মো. আলাউদ্দিন মহসিন বলেন, "সরকার নিষিদ্ধ ঘোষণা করেছে, এমন কোনো সংগঠনের কার্যক্রম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গ্রহণযোগ্য নয়। শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও স্বাভাবিক শিক্ষার পরিবেশ নিশ্চিত করার জরুরি।"
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## সাবেক ভূমিমন্ত্রী জাবেদসহ ৩৬ জনের বিরুদ্ধে সাক্ষ্য দিলেন আরও ৭ জন

অর্থপাচারের মামলায় সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদসহ ৩৬ জনের বিরুদ্ধে আরও সাতজন সাক্ষী সাক্ষ্য দিয়েছেন। ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংকের (ইউসিবিএল) ২৫ কোটি টাকা আত্মসাৎ ও হুন্ডির মাধ্যমে বিদেশে পাচারের অভিযোগে দায়ের করা মামলায় এসব সাক্ষী সাক্ষ্য দিয়েছেন। মঙ্গলবার (২৩ জুন) চট্টগ্রাম বিভাগীয় বিশেষ জজ আদালতের বিচারক মিজানুর রহমানের আদালতে সাক্ষ্যগ্রহণ হয়। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আইনজীবী মোকাররম হোসাইন বলেন, এদিন দুদকের পক্ষ থেকে সাতজন সাক্ষীকে আদালতে উপস্থাপন করা হয়। তাদের সাক্ষ্যগ্রহণ ও জেরা শেষ হয়েছে। এ নিয়ে মামলায় মোট ২৭ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ সম্পন্ন হয়েছে। পরবর্তী

সাক্ষ্যগ্রহণের জন্য আগামী ১৩ জুলাই দিন ধার্য করেছেন আদালত। মামলার প্রধান আসামিদের মধ্যে রয়েছেন সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ, তার স্ত্রী ও ইউসিবিএলের সাবেক চেয়ারম্যান রুকমীলা জামান, সাবেক পরিচালক আসিফুজ্জামান চৌধুরী এবং রোকসানা জামান চৌধুরী। এছাড়া ব্যাংকটির সাবেক পরিচালক, কর্মকর্তা ও জাবেদের পারিবারিক মালিকানাধীন আরামিট গ্রুপের কয়েকজন কর্মকর্তা-কর্মচারীসহ মোট ৩৬ জনকে আসামি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## একযোগে পদত্যাগ করলেন ৭ ডেপুটি ও ১০ সহকারী অ্যাটর্নি জেনারেল

সুপ্রিম কোর্টে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনাকারী সাতজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১০ জন সহকারী অ্যাটর্নি জেনারেল পদত্যাগ করেছেন। তারা অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার কাছে নিজ নিজ পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে জানা গেছে। মঙ্গলবার (২৩ জুন) বিষয়টি নিশ্চিত করেছেন সহকারী অ্যাটর্নি জেনারেল ইমরুল কায়েস রানা। জাগো নিউজকে তিনি বলেন, 'আমরা একযোগে ১৭ জন পদত্যাগ করেছি।' তবে একসঙ্গে এতসংখ্যক আইন কর্মকর্তার পদত্যাগের কারণ সম্পর্কে তাৎক্ষণিকভাবে বিস্তারিত কিছু জানা যায়নি। এর আগে, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে সম্পাদক পদে প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়ে রেজাউল করিম পদত্যাগ করেন। এছাড়া জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে ডেপুটি অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমানও পদত্যাগ করেছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## রাজশাহীতে এইচআইভি আক্রান্তদের ৬৬ শতাংশই সমকামী

রাজশাহীতে নীরবে বাড়ছে এইচআইভি সংক্রমণ। রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতাল ও সিভিল সার্জন কার্যালয়ের নথি বলছে, ২০১৯ সাল থেকে চলতি বছরের মার্চ পর্যন্ত ১৩৯ জন এইচআইভি আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন। তাদের মধ্যে ৯২ জনই সমকামী, যা মোট আক্রান্তের ৬৬ দশমিক ১৮ শতাংশ। একই সময়ে রাজশাহী বিভাগের আট জেলায় এইচআইভি আক্রান্তের সংখ্যা পৌঁছেছে ৭৯৪ জনে। চিকিৎসক ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, ঝুঁকিপূর্ণ যৌন আচরণ, রোগ সম্পর্কে সচেতনতার ঘাটতি, সামাজিক সংকোচ এবং গোপন নেটওয়ার্কের কারণে সংক্রমণ নিয়ন্ত্রণ কঠিন হয়ে উঠছে। অন্যদিকে নগরীর বিভিন্ন এলাকায় সমকামীদের নিয়মিত জমায়েত এবং সামাজিক যোগাযোগমাধ্যমভিত্তিক নেটওয়ার্ক সম্প্রসারণের অভিযোগও উঠেছে। সব মিলিয়ে পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ছে সংশ্লিষ্ট মহলে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের তথ্য অনুযায়ী, ২০১৯ সাল থেকে চলতি বছরের মার্চ পর্যন্ত মোট ১২ হাজার ৮৫২ জন পরীক্ষা করিয়েছেন। তাদের মধ্যে ১১৫ জনের শরীরে এইচআইভি ভাইরাস শনাক্ত হয়েছে। আক্রান্তদের মধ্যে পুরুষ ১০৫ জন, নারী ৯ জন এবং তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠীর একজন। বৈবাহিক অবস্থার হিসেবে আক্রান্তদের মধ্যে বিবাহিত ৪৮ জন এবং অবিবাহিত ৬৭ জন। বয়সভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, ১৫ থেকে ২৪ বছর বয়সি আক্রান্ত রয়েছেন ৩৫ জন এবং ২৫ থেকে ৫০ বছর বয়সি ৮০ জন। এছাড়া প্রবাসফেরত আক্রান্তের সংখ্যা চারজন। ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর তথ্য বিশ্লেষণে দেখা যায়, শনাক্তদের মধ্যে সমকামী ৫৮ জন, যৌনকর্মীর সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তি ৩৫ জন, যক্ষ্মা রোগী দু-জন, যৌনকর্মী একজন, তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠীর দু-জন এবং সাধারণ জনগোষ্ঠীর ১৪ জন রয়েছেন। অন্যদিকে সিভিল সার্জন কার্যালয় হাসপাতালের তথ্যের বাইরে শনাক্ত হওয়া আরও ৩৪ জন রোগীর তথ্য দিয়েছে। তাদের প্রত্যেকেই সমকামী। এদের মধ্যে ৩১ জন পুরুষ এবং তিনজন তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠীর সদস্য। বৈবাহিক অবস্থার বিবেচনায় ২৫ জন বিবাহিত এবং ছয়জন অবিবাহিত। বয়সভিত্তিক হিসেবে ২৫ বছরের কম বয়সি ৯ জন এবং ২৫ বছরের বেশি বয়সি ২৫ জন রয়েছেন। দুই প্রতিষ্ঠানের তথ্য একত্র করলে দেখা যায়, রাজশাহীতে শনাক্ত হওয়া মোট ১৩৯ জন এইচআইভি আক্রান্ত ব্যক্তির মধ্যে ৯২ জনই সমকামী। স্বাস্থ্যসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, এই সংখ্যা স্থানীয় পর্যায়ে সংক্রমণের ধরন বুঝতে গুরুত্বপূর্ণ ইঙ্গিত বহন করে। রাজশাহী বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, বিভাগের আট জেলায় এইচআইভি আক্রান্তের সংখ্যা ৭৯৪ জন। এর মধ্যে বগুড়ায় ১০৯ জন, চাঁপাইনবাবগঞ্জে ২১ জন, জয়পুরহাটে ৩৭ জন, নওগাঁয় ৬৫ জন, নাটোরে ৪৩ জন, পাবনায় ৭৮ জন, রাজশাহীতে ১৩১ জন এবং সর্বোচ্চ ৩১০ জন আক্রান্ত রয়েছেন সিরাজগঞ্জ জেলায়। বিভাগ জুড়ে আক্রান্তের সংখ্যা বৃদ্ধির এই প্রবণতা জনস্বাস্থ্য বিশেষজ্ঞদেরও ভাবিয়ে তুলেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## বন্যা-নদীভাঙন আতঙ্কে তিস্তাপাড়ের মানুষ

লালমনিরহাটে তিস্তা নদীর পানি বেড়ে বিপৎসীমার ১ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল ও ভারী বৃষ্টিপাতের কারণে বেড়েছে পানি। এদিকে, বন্যা ও নদীভাঙন আতঙ্কে রয়েছেন তীরবর্তী মানুষ। পাউবো সূত্রে জানা গেছে, সোমবার পানি প্রবাহ স্বাভাবিক থাকলেও মঙ্গলবার (২৩ জুন) সকালে উজানের ঢলে তিস্তার পানি বাড়তে শুরু করে। ডালিয়া পয়েন্টে বিকেল ৩টায় বিপৎসীমার ১ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। গত কয়েকদিন ধরেই নদীর পানি বিপৎসীমার কাছাকাছি অবস্থান করছিল। হঠাৎ করে পানি বাড়ায় দিশেহারা হয়ে পড়েছেন তিস্তা পাড়ের মানুষ। মহিষখোচা ইউনিয়নের

গোবর্ধন এলাকার মৎস্যচাষি রাইসুল ইসলাম বলেন, হঠাৎ করে পানি বাড়ছে, এদিকে আবার বৃষ্টিও পড়ছে। পুকুরে মাছ রয়েছে, সেগুলো ভেসে যায় কিনা তা নিয়ে খুব চিন্তায় আছি। তাছাড়া পানি কমার সঙ্গে সঙ্গেই আবার ভাঙনও দেখা দেবে। কবে যে তিস্তার কাজ হবে আর আমাদের এই কষ্ট দূর হবে, তা জানি না। সার্বিক পরিস্থিতি নিয়ে লালমনিরহাট পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী শুনীল কুমার জানান, লালমনিরহাটের প্রধান দুটি নদী তিস্তা ও ধরলায় প্রতি বছরই উজানের ঢল ও ভারী বৃষ্টিপাতে পানি বৃদ্ধি পায়, ফলে বন্যা ও নদীভাঙন দেখা দেয়। গত দুইদিনে উজানের ঢল ও বৃষ্টির কারণে পানির এই ওঠানামায় ইতোমধ্যে বেশ কিছু ঝুঁকিপূর্ণ পয়েন্টের সৃষ্টি হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## ধানমন্ডি-৩২ এলাকায় সাংবাদিককে মারধরের ঘটনায় জামায়াতের দুঃখ প্রকাশ

ধানমন্ডিতে দলের ব্রিফিং চলাকালে এক সাংবাদিককে মারধরের ঘটনায় দুঃখ প্রকাশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। মঙ্গলবার (২৩ জুন) বিকেলে দলটির কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের এক বিবৃতিতে এ দুঃখ প্রকাশ করেন। বিবৃতিতে তিনি বলেন, "আজ রাজধানীর ধানমন্ডি-৩২ এলাকায় একটি শান্তিপূর্ণ রাজনৈতিক কর্মসূচি চলাকালে গণমাধ্যমকর্মীদের ওপর হামলার যে অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত ও দুঃখজনক ঘটনা ঘটেছে, আমরা তার জন্য আন্তরিকভাবে গভীর দুঃখ প্রকাশ করছি।" তিনি বলেন, "আমরা অত্যন্ত স্পষ্ট ভাষায় বলতে চাই, বাংলাদেশ জামায়াতে ইসলামী সর্বদা গণমাধ্যমের স্বাধীনতা ও সাংবাদিকদের পেশাগত অধিকারের প্রতি শ্রদ্ধাশীল। গণমাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ এবং যে-কোনো গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক সমাজ বিনির্মাণে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। পেশাগত দায়িত্ব পালনকালে সাংবাদিকদের ওপর যে-কোনো ধরনের চড়াও হওয়া বা সহিংসতা সৃষ্টি করা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়।" এহসানুল মাহবুব জুবায়ের আরও বলেন, "ধানমন্ডি জোনের বিক্ষোভ কর্মসূচি শান্তিপূর্ণভাবে শেষ হওয়ার পর সেখানে উপস্থিত কিছু অতি-উৎসাহী ব্যক্তি বা অনাকাঙ্ক্ষিত বহিরাগতদের উসকানিতে এ অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে আমরা প্রাথমিকভাবে জানতে পেরেছি। দলীয় শৃঙ্খলা ভঙ্গকারী বা কোনো উগ্র আচরণকে জামায়াতে ইসলামী কখনোই প্রশ্রয় দেয় না।" তিনি বলেন, "এ ঘটনার পেছনে প্রকৃতপক্ষে কারা জড়িত এবং কীভাবে এ ভুল বোঝাবুঝির সূত্রপাত হলো, তা খতিয়ে দেখতে দলের পক্ষ থেকে একটি অভ্যন্তরীণ পর্যালোচনা করা হবে। যদি আমাদের কোনো স্তরের কর্মীর সংশ্লিষ্টতা প্রমাণিত হয়, তবে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## ধানমন্ডি ৩২ থেকে 'জুলাই যোদ্ধা' পরিচয় দেওয়া একজন আটক

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীর দিনে নিরাপত্তা কড়াকড়ির মধ্যে ধানমন্ডি ৩২ নম্বরে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি ও পুলিশ সদস্যদের ভিডিও করার অভিযোগে এক যুবককে আটক করেছে পুলিশ। আটক যুবকের নাম সাখওয়াত হোসেন। তিনি নিজেকে জুলাই যোদ্ধা হিসেবে পরিচয় দিয়েছেন। মঙ্গলবার (২৩ জুন) দুপুর সাড়ে ১২টার দিকে ওই যুবককে আটক করে পুলিশ ভ্যানে করে ধানমন্ডি মডেল থানায় নিয়ে যাওয়া হয়। ধানমন্ডি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ৩২ নম্বরে পুলিশের সংরক্ষিত এলাকায় ঢুকে এই যুবক পুলিশের ভিডিও করছিল। তাকে বাধা দিলেও শুনছিল না। এজন্য তাকে সন্দেহভাজন হিসেবে আটক করে থানায় আনা হয়েছে। তার সম্পর্কে বিস্তারিত জানতে পারিনি। জিজ্ঞাসাবাদ চলছে। এরপর বিস্তারিত জানাতে পারবো। ওই যুবককে আটক করেন ধানমন্ডি থানার এসআই আরিফ হোসেন। তিনি বলেন, আটকের সময় সাখাওয়াত নিজেকে জুলাই যোদ্ধা হিসেবে পরিচয় দেন। ঘটনাস্থলে থাকা পুলিশ সদস্যরা বলেন, ওই যুবক ৩২ নম্বরে বঙ্গবন্ধুর ভাঙা বাড়ির ছবি তুলছিলেন এবং ভিডিও করছিলেন। প্রশ্ন করা হলে তিনি যুক্তিযুক্ত কোনো ব্যাখ্যা দিতে পারেননি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশবিরোধী কোনো নিষিদ্ধ সংগঠনকে অস্থিরতা সৃষ্টি করতে দেওয়া হবে না

বাংলাদেশবিরোধী কোনো সংগঠনকে দেশে অস্থিরতা সৃষ্টি করতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন ভূমি ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিন। তিনি বলেন, জুলাইয়ের গণহত্যার ঘটনায় দায়ীদের আইনের আওতায় আনা এবং নিষিদ্ধ সংগঠনগুলোর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তাদের কোনো ধরনের তৎপরতা বরদাশত করা হবে না। নিষিদ্ধ সংগঠনের সন্ত্রাসী কর্মকাণ্ড, নৈরাজ্য ও ষড়যন্ত্রের প্রতিবাদে চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে আয়োজিত অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে তিনি এসব কথা বলেন। মঙ্গলবার (২৩ জুন) চট্টগ্রাম নগরের জিইসি মোড়ে এ কর্মসূচি পালন করা হয়। চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক বেলায়েত হোসেন বুলুর সভাপতিত্বে এবং মহানগর ছাত্রদলের সদস্যসচিব শরিফুল ইসলাম তুহিনের সঞ্চালনায় কর্মসূচি অনুষ্ঠিত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ রিহাব)

## দুর্যোগের ক্ষয়ক্ষতি কমাতে নেওয়া হচ্ছে বহুমাত্রিক আগাম সতর্কতা

ঘূর্ণিঝড়, অতিবৃষ্টি, বন্যা ও নদীভাঙনের ক্ষয়ক্ষতি হ্রাস, বহুমাত্রিক আগাম সতর্কতা জোরদার, ক্ষতিগ্রস্ত জনগণের দ্রুত সহায়তা প্রদান এবং নিরাপদ আশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে। এ তথ্য জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু। মঙ্গলবার (২৩ জুন)

সংসদে নওগাঁ-৩ আসনের সংসদ সদস্য মো. ফজলে হুদার টেবিলে উপস্থাপিত লিখিত প্রশ্নের জবাবে এ মন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রী বলেন, দুর্যোগে ক্ষয়ক্ষতি হ্রাসে বহুমাত্রিক আগাম সতর্কবার্তা ব্যবস্থা, ডিজিটাল পূর্বাভাস প্রযুক্তি, সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (সিপিপি), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থা, কমিউনিটিভিত্তিক সতর্কীকরণ কার্যক্রম এবং ঝুঁকিভিত্তিক আগাম পদক্ষেপ সম্প্রসারণ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

## জুলাই যোদ্ধাদের যে-কোনো আইনি সুরক্ষা দিতে প্রস্তুত সরকার : আইনমন্ত্রী

জুলাই যোদ্ধাদের যে-কোনো ধরনের আইনি সুরক্ষা দিতে সরকার প্রস্তুত বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। মঙ্গলবার (২৩ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১৩তম দিন কার্যপ্রণালি বিধির ৩০০ ধারায় দেওয়া এক বিবৃতিতে এ কথা জানান তিনি। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। এর আগে, জুলাই গণ-অভ্যুত্থানে নিহত জাবির ইব্রাহিমের মা ও জামায়াতের দলীয় সংসদ সদস্য রোকেয়া বেগম জুলাই যোদ্ধাদের রাজনৈতিক সুরক্ষার বিষয়ে আইনমন্ত্রীর কাছে ব্যাখ্যা চান। জবাবে আইনমন্ত্রী বলেন, “বর্তমান বিএনপি সরকার জুলাই এবং জুলাই যোদ্ধাদের আইনি কাঠামোর আওতায় এনে সুরক্ষা দিয়েছে, যা রাজনৈতিক সুরক্ষাও বটে। তার বক্তব্য ও আবেগের সঙ্গে আমরা সম্পূর্ণ একমত।” তিনি বলেন, সরকারের প্রতিটি কার্যক্রমই একটি রাজনৈতিক দলিল এবং জননীতির অংশ। সরকার কেবল আইনি কাঠামোর মাধ্যমেই সুরক্ষা দিতে পারে। জুলাই চেতনায় বিশ্বাসী বর্তমান সরকার জুলাই এবং জুলাই যোদ্ধাদের সব ধরনের আইনি সুরক্ষা নিশ্চিত করেছে, যা একইসঙ্গে রাজনৈতিক সুরক্ষাও। মন্ত্রী বলেন, “যদি তিনি (সংসদ সদস্য) জুলাই যোদ্ধাদের জন্য আরও কোনো ধরনের সুরক্ষার সুপারিশ করেন, সরকার তা বিবেচনা করবে এবং প্রয়োজনীয় সুরক্ষা দিতে প্রস্তুত।” বাজেট অধিবেশনে বক্তব্যকালে শহিদ শিশু জাবির ইব্রাহিমের মা এবং জামায়াত-সমর্থিত জোটের মনোনীত সংসদ সদস্য রোকেয়া বেগম অভিযোগ করেন যে, বর্তমান সরকার জুলাই যোদ্ধাদের আইনি সুরক্ষা দিলেও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত করেনি। এর পরিপ্রেক্ষিতে আইনমন্ত্রী সংসদে এ ব্যাখ্যা দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

## চালের দাম স্থিতিশীল রাখতে সরকার বদ্ধপরিকর : খাদ্য প্রতিমন্ত্রী

খাদ্য প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী বলেছেন, বাজারে চালের দাম স্থিতিশীল রাখতে সরকার বদ্ধপরিকর। এ লক্ষ্যে নিয়মিত বাজার তদারকি ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মঙ্গলবার (২৩ জুন) জাতীয় সংসদে নওগাঁ-৩ আসনের সরকারি দলের সদস্য মো. ফজলে হুদার টেবিলে উপস্থাপিত এক লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। খাদ্য প্রতিমন্ত্রী বলেন, অবৈধ মজুতদার ও বাজার অস্থিতিশীল করার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। পাশাপাশি হতদরিদ্র মানুষের জন্য বরাদ্দ করা খাদ্যবান্ধব কর্মসূচির চাল সঠিক সময়ে বিতরণ নিশ্চিত করতে খাদ্যবান্ধব ডাটাবেজের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে চাল বিতরণের পরিকল্পনা রয়েছে। তিনি বলেন, খাদ্য সহায়তা কার্যক্রমকে আরও স্বচ্ছ, জবাবদিহিমূলক ও কার্যকর করতে প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা জোরদার করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

## ৫৮ দেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি বাংলাদেশের, শীর্ষে চীন ও ভারত

বিদায়ি (২০২৫-২৬) অর্থবছরে বিশ্বের ৫৮ দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি তৈরি হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। এর মধ্যে বরাবরের মতোই সবচেয়ে বড়ো অঙ্কের ঘাটতি রয়েছে চীন ও ভারতের সঙ্গে বলেও জানান তিনি। মন্ত্রী জানান, দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ঘাটতি মূলত গুটিকয়েক প্রধান বাণিজ্য অংশীদারের মধ্যেই বেশি ঘনীভূত। শিল্প খাতের প্রয়োজনীয় কাঁচামাল, জ্বালানি পণ্য এবং মূলধনী যন্ত্রপাতির ক্ষেত্রে আমদানির ওপর কাঠামোগত নির্ভরশীলতার কারণেই এই ভারসাম্যহীনতা তৈরি হচ্ছে। মঙ্গলবার (২৩ জুন) জাতীয় সংসদে বাজেট অধিবেশনে সংসদ সদস্য সাবিকুন নাহারের এক লিখিত প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী এসব তথ্য জানান। জাতীয় সংসদে উপস্থাপিত তথ্য অনুযায়ী, বাংলাদেশের একক বৃহত্তম বাণিজ্য ঘাটতি রয়েছে চীনের সঙ্গে, যার পরিমাণ ১৭ দশমিক ৮৭ বিলিয়ন মার্কিন ডলার। এই বিশাল ঘাটতির মূল কারণ হলো চীন থেকে ভারী যন্ত্রপাতি, ইলেকট্রনিক্স পণ্য, শিল্পের কাঁচামাল ও মূলধনী পণ্যের উচ্চ আমদানি। ওই অর্থবছরে চীনে বাংলাদেশের রপ্তানির পরিমাণ ছিল মাত্র ৬৯৪ দশমিক ৪৯ মিলিয়ন ডলার। বাণিজ্য ঘাটতির তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে প্রতিবেশী দেশ ভারত। ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৭ দশমিক ৮৬ বিলিয়ন ডলার। এই সময়ে বাংলাদেশ থেকে ভারতে মাত্র এক দশমিক ৭৬ বিলিয়ন ডলারের পণ্য রপ্তানি হয়। বিপরীতে তুলা, রাসায়নিক, খাদ্যপণ্য এবং ভোগ্যপণ্যের বিপুল আমদানির কারণে এই বড়ো ব্যবধান তৈরি হয়েছে। বাণিজ্যমন্ত্রী আরও জানান, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সঙ্গেও বাংলাদেশের বাণিজ্য ঘাটতি বেশ চোখে পড়ার মতো, যা মূলত এই অঞ্চল থেকে মধ্যবর্তী পণ্য ও শিল্পের কাঁচামাল আমদানির ওপর নির্ভরশীলতাকে নির্দেশ করে। এই অঞ্চলে ইন্দোনেশিয়ার সঙ্গে সবচেয়ে বেশি ৩ দশমিক ৫৯ বিলিয়ন ডলারের বাণিজ্য ঘাটতি হয়েছে। এরপরই রয়েছে সিঙ্গাপুর, ঘাটতির পরিমাণ ২ দশমিক ৮০ বিলিয়ন ডলার। এছাড়া মালয়েশিয়ার সঙ্গে এই ঘাটতি ২ দশমিক শূন্য ১ বিলিয়ন ডলার। এ অঞ্চলের অন্য দুটি দেশ ভিয়েতনাম ও থাইল্যান্ডের সঙ্গেও উল্লেখযোগ্য বাণিজ্য ঘাটতি রয়েছে, যার পরিমাণ যথাক্রমে ৭৯৯ দশমিক ৭৪ মিলিয়ন এবং ৭২৩ দশমিক ৮৫ মিলিয়ন ডলার। মধ্যপ্রাচ্যের জ্বালানি রপ্তানিকারক দেশগুলোর সঙ্গেও বাংলাদেশ বড়ো

ধরনের বাণিজ্য ঘাটতিতে পড়েছে। এর মধ্যে কাতারের সঙ্গে ঘাটতি ২ দশমিক ১১ বিলিয়ন ডলার, সৌদি আরবের সঙ্গে এক দশমিক ৩৬ বিলিয়ন ডলার, সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে এক দশমিক ১৯ বিলিয়ন ডলার এবং ওমানের সঙ্গে ২১৯ দশমিক ৬৬ মিলিয়ন ডলার। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

## তিস্তায় বিপৎসীমার ওপরে পানি, খুলে দেওয়া হয়েছে সব জলকপাট

উজানের ঢলে তিস্তা নদীর পানি ক্রমেই বাড়ছে। বর্তমানে বিপৎসীমার এক সেন্টিমিটার ওপর দিয়ে বইছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নীলফামারীর ডালিয়া পয়েন্টে তিস্তা ব্যারাজের ৪৪টি জলকপাট খুলে দিয়েছে কর্তৃপক্ষ। মঙ্গলবার (২৩ জুন) বিকেলে পানি উন্নয়ন বোর্ডের ডালিয়া ডিভিশনের নির্বাহী প্রকৌশলী অমিতাভ চৌধুরী জানান, বিকেল ৩টায় তিস্তা নদীর পানি ডালিয়া পয়েন্টে ৫২ দশমিক ১৬ সেন্টিমিটার দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। এ পয়েন্টে বিপৎসীমা ৫২ দশমিক ১৫ সেন্টিমিটার। অর্থাৎ বিপৎসীমার এক সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে পানি। এর আগে, ভোর ৬টায় বিপৎসীমার ৫ সেন্টিমিটার নিচ দিয়ে পানি প্রবাহিত হয়। তিস্তার পানি বাড়ায় জেলার ডিমলা উপজেলার পূর্ব ছাতনাই, খগাখড়িবাড়ী, টেপাখড়িবাড়ী, খালিসা চাপানী, ঝুনাগাছ চাপানী, গয়াবাড়ী এবং জলঢাকা উপজেলার গোলমুন্ডা, ডাউয়াবাড়ী ও শৌলমারী ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার শঙ্কা দেখা দিয়েছে। এসব এলাকার মানুষদের সতর্ক অবস্থানে থাকার পরামর্শ দিয়েছে পানি উন্নয়ন বোর্ড। নির্বাহী প্রকৌশলী অমিতাভ চৌধুরী বলেন, নদী তীরবর্তী এলাকার মানুষের জানমাল রক্ষায় সার্বক্ষণিক নজরদারি রাখছে স্থানীয় প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ড। তবে আগামী ২৪ ঘণ্টায় অবস্থা স্বাভাবিক হওয়া সম্ভাবনা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## মালয়েশিয়ার উষ্ণ অভ্যর্থনা-আতিথেয়তার জন্য কৃতজ্ঞ : প্রধানমন্ত্রী

মালয়েশিয়া সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল প্রায় ১৮ ঘণ্টার মালয়েশিয়ার সফর শেষে তিনি চীন সফরে গেছেন। মালয়েশিয়া সরকারকে এক বার্তায় তিনি এই কৃতজ্ঞতা জানান। মঙ্গলবার (২৩ জুন) প্রধানমন্ত্রী তারেক রহমানের বার্তা প্রকাশ করে পররাষ্ট্র মন্ত্রণালয়। বার্তায় প্রধানমন্ত্রী উল্লেখ করেন, "আমার স্ত্রী ডা. জুবাইদা রহমান এবং আমি প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম এবং তার স্ত্রী ড. ওয়ান আজিজা বিনতি ওয়ান ইসমাইলকে তাদের অবিশ্বাস্য উষ্ণ অভ্যর্থনা ও আতিথেয়তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই। মালয়েশিয়া সরকার এবং তার বন্ধুভাবাপন্ন জনগণের যে বন্ধুত্বপূর্ণ মনোভাব ও সৌহার্দ্যপূর্ণ মনোভাব প্রকাশ করা হয়েছে, তাতে আমরা গভীরভাবে অবিভূত। প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে আমার আলোচনা বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দীর্ঘস্থায়ী সম্পর্ককে আরও দৃঢ় করেছে।" তিনি উল্লেখ করেন, "আমার বাবা শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং আমার মা বেগম খালেদা জিয়া বাংলাদেশের প্রধানমন্ত্রী থাকাকালীন সময় থেকে বহু দশক পুরোনো এই সম্পর্ক রয়েছে। মালয়েশিয়ার রাজা সুলতান ইব্রাহিম ইবনি সুলতান ইস্কান্দারকে তার বৈঠকে সময় দেওয়ার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই।" প্রধানমন্ত্রী আরও উল্লেখ করেন, "বাংলাদেশ মালয়েশিয়ার সঙ্গে দ্বিপক্ষীয় ও বহুপাক্ষিক সম্পর্ককে অত্যন্ত মূল্য দেয়। মানুষের সঙ্গে মানুষের যোগাযোগের জন্য আমরা গর্বিত, যা আমাদের দুই দেশকে বিভিন্ন ক্ষেত্র এবং সমাজের সর্বস্তরের মধ্যে একসূত্রে আবদ্ধ করেছে। প্রধানমন্ত্রী হিসেবে আমার প্রথম রাষ্ট্রীয় সফরের পর মালয়েশিয়ার সঙ্গে আমাদের বহুমুখী অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার ব্যাপারে আমি উন্মুখ।"

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর সঙ্গে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রেসিডেন্টের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ডব্লিউইএফ এর প্রেসিডেন্ট ও সিইও আলোইস জভিংগি। মঙ্গলবার স্থানীয় সময় বিকেল ৫টায় চীনের ডালিয়ান আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতের শুরুতে প্রধানমন্ত্রী তারেক রহমানকে সরকারপ্রধান হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান ডব্লিউইএফের প্রেসিডেন্ট ও সিইও। এ সময় জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন প্রধানমন্ত্রী। তিনি জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা বাংলাদেশের মতো অন্যান্য ডেল্টা রাষ্ট্র এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ঝুঁকিতে থাকা দেশগুলোর সহযোগিতায় ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামকে সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী জানান, বাংলাদেশ আগামী পাঁচ বছরে ২৫০ মিলিয়ন বৃক্ষরোপণের উদ্যোগ নিয়েছে। পাশাপাশি প্রায় ২০ হাজার কিলোমিটার নদী ও খাল পুনঃখননের মাধ্যমে পানির প্রবাহ পুনরুদ্ধার, বন্যার ঝুঁকি হ্রাস এবং পরিবেশ সুরক্ষায় বাংলাদেশের উদ্যোগের কথা তুলে ধরেন। তিনি আরও জানান, নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে উৎসাহ প্রদানের অংশ হিসেবে বাংলাদেশ সৌরবিদ্যুৎ উৎপাদনে কর-সুবিধা প্রদান করেছে এবং ২০৩০ সালের মধ্যে মোট বিদ্যুৎ চাহিদার ২০ শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করেছে। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রধানমন্ত্রী তারেক রহমানের অভিজ্ঞতা ও উদ্যোগকে বৈশ্বিক পরিসরে কাজে লাগানোর বিষয়ে আগ্রহ প্রকাশ করেন আলোইস জভিংগি। আলোইস জভিংগি বলেন, বাংলাদেশের জলবায়ু সহনশীলতা ও টেকসই উন্নয়ন উদ্যোগ আন্তর্জাতিক অর্থায়নকারী প্রতিষ্ঠান ও বিনিয়োগকারীদের আগ্রহ তৈরি করবে। তিনি

বাংলাদেশের পক্ষ থেকে উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দিয়ে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## আটকে থাকার চার মাস পর হরমুজ পাড়ি দিল 'বাংলার জয়যাত্রা'

দীর্ঘ চার মাসেরও বেশি সময় আটকে থাকার পর অবশেষে হরমুজ প্রণালি অতিক্রম করেছে বাংলাদেশ শিপিং করপোরেশনের (বিএসসি) জাহাজ 'এমভি বাংলার জয়যাত্রা'। সোমবার বাংলাদেশ সময় ভোররাত ৩টার দিকে জাহাজটি সফলভাবে প্রণালি পাড়ি দিয়ে সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরা বন্দরের দিকে যাত্রা শুরু করে। বিএসসি সূত্র জানিয়েছে, বর্তমানে জাহাজটি জ্বালানি সংগ্রহের জন্য ফুজাইরা বন্দরের দিকে অগ্রসর হচ্ছে। জাহাজে থাকা ৩১ জন বাংলাদেশি নাবিক ও ক্রু সদস্য নিরাপদ ও সুস্থ আছেন। ভারত থেকে পণ্য পরিবহণের পর গত ফেব্রুয়ারিতে পারস্য উপসাগরে প্রবেশ করে 'বাংলার জয়যাত্রা'। পরে কাতার থেকে স্টিল কয়েল নিয়ে সংযুক্ত আরব আমিরাতের জেবেল আলী বন্দরে পৌঁছায় জাহাজটি। এর পরপরই মধ্যপ্রাচ্যে সংঘাত তীব্র আকার ধারণ করলে নিরাপত্তা ঝুঁকির কারণে জাহাজটির স্বাভাবিক যাত্রা ব্যাহত হয়। পরবর্তীতে দক্ষিণ আফ্রিকার কেপটাউনের উদ্দেশ্যে প্রায় ৩৭ হাজার টন সার বোঝাই করা হলেও, হরমুজ প্রণালিতে চলাচল সীমিত হয়ে পড়ায় জাহাজটি সৌদি আরবের রাস আল খায়ের বন্দরে আটকা পড়ে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

## 'নকল' শব্দটির কবর দিয়ে এসেছি অনেক আগেই : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, 'নকল' শব্দটির কবর দিয়ে এসেছি অনেক আগেই। এটা নিয়ে আর কথা বলতে চাই না। কিন্তু এখন নকল হচ্ছে ডিজিটালি। সেটাকে সেভাবেই প্রতিহত করতে হবে। মঙ্গলবার (২৩ জুন) চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, "আমাদের দেশে শুধু উচ্চশিক্ষা আর উচ্চশিক্ষা, সবাই খালি অনার্স খুলতে চায়। এর কি দরকার?" তিনি বলেন, "সব বোর্ডের খাতা আমরা রেন্ডমলি চেক করে দেখবো, কেউ কম বা বেশি নাম্বার দিয়ে দিলো কিনা।" মঙ্গলবার চট্টগ্রাম কলেজ মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর কর্মকর্তা এবং চট্টগ্রাম অঞ্চলের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের সদস্যদের সাথে বৈঠক শেষে তিনি এই তারিখের কথা জানান। এর আগে, গত ৮ জুন এক সংবাদ সম্মেলনেও ২০ জুলাই ফল প্রকাশের কথা জানিয়েছিলেন মন্ত্রী। তিনি আরও বলেন, "সব বোর্ডের খাতা আমরা রেন্ডমলি চেক করে দেখবো, কেউ কম বা বেশি নাম্বার দিয়ে দিলো কিনা।"
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

## বিশ্ব অর্থনৈতিক অস্থিরতার মাঝে প্রধানমন্ত্রীর চীন সফর বাংলাদেশের জন্য বড়ো সুযোগ

বিশ্বজুড়ে চলমান অনিশ্চয়তা ও অস্থিরতার মধ্যে চীনের সাথে সম্পর্ক আরও গভীর করতে এবং দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর একটি গুরুত্বপূর্ণ সুযোগ তৈরি করবে। সম্প্রতি বার্তা সংস্থা সিনহুয়াকে দেওয়া এক সাক্ষাৎকারে এই মন্তব্য করেছেন নর্থ সাউথ ইউনিভার্সিটির 'সাউথ এশিয়ান ইনস্টিটিউট অফ পলিসি অ্যান্ড গভর্ন্যান্স'-এর পরিচালক ড. এস কে তৌফিক এম হক। তিনি বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর মাত্র কয়েক মাস পার হয়েছে। এর মধ্যেই মধ্যপ্রাচ্যের ভূ-রাজনৈতিক অস্থিরতা বাংলাদেশের মতো জ্বালানি আমদানিকারক দেশগুলোর ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। তিনি উল্লেখ করেন, বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশ বিনিয়োগ আকর্ষণ, উন্নয়ন সহযোগিতা সম্প্রসারণ এবং জ্বালানি খাতের অংশীদারিত্ব জোরদার করতে বন্ধুভাবাপন্ন ও প্রতিবেশী দেশগুলোর সাথে আরও শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্ক খুঁজছে। আর এই জায়গায় চীন এখন বাংলাদেশের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ একটি দেশ হিসেবে আবির্ভূত হয়েছে। ড. তৌফিক বলেন, এই সফরে বিনিয়োগ, বাণিজ্য, ব্যবসা ও জ্বালানিসহ বিভিন্ন খাতে চীনের কাছ থেকে আরও নিবিড় সহযোগিতা আশা করছে বাংলাদেশ। তিনি বলেন, "দেশের মানুষ এই সফর থেকে অত্যন্ত ফলপ্রসূ কিছু অর্জনের অপেক্ষায় রয়েছে।" বাংলাদেশের গণমাধ্যম ও সংবাদপত্রগুলোতে এই সফর নিয়ে চলমান আলোচনা ও ব্যাপক জনআগ্রহেরই প্রতিফলন ঘটছে বলে তিনি জানান। ২০১৬ সালে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে চীনের 'বেল্ট অ্যান্ড রোড' উদ্যোগে যোগ দেয় এবং শুরু থেকেই এতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে আসছে। এই সফরটির পর বাংলাদেশ ও চীনের মধ্যকার অর্থনৈতিক সহযোগিতা এক নতুন গতি পাবে বলে আশা প্রকাশ করেন এই বিশেষজ্ঞ। বাংলাদেশ-চীন সম্পর্ককে বৈশ্বিক দক্ষিণের দেশগুলোর মধ্যে একটি 'আদর্শ সম্পর্ক' হিসেবে অভিহিত করে তিনি বলেন, এই সফরের মাধ্যমে দুই দেশের সম্পর্ক এক নতুন উচ্চতায় পৌঁছাবে। বিশেষ করে জ্বালানি সহযোগিতার ওপর জোর দিয়ে তিনি বলেন, বাংলাদেশ এই খাতটিতে অত্যন্ত গুরুত্ব সহকারে নজর দিচ্ছে। বাংলাদেশ, চীন, মিয়ানমার এবং অন্যান্য প্রতিবেশী দেশগুলো সম্মিলিতভাবে এই খাতে সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র তৈরি করতে পারে। সাক্ষাৎকারের শেষে ড. তৌফিক এম হক বলেন, "এমন একটি সময়ে এই সফরটি অনুষ্ঠিত হচ্ছে, যখন গ্লোবাল সাউথসহ পুরো বিশ্ব এক ধরনের অনিশ্চয়তা ও অস্থিরতার মধ্যদিয়ে যাচ্ছে।" এই দৃষ্টিকোণ থেকে, বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সম্পর্ক যেন উভয় দেশের নিজস্ব উন্নয়ন কৌশলকে আরও নিরাপদ ও সুরক্ষিত করতে পারে, তা নিশ্চিত করার জন্য এই সফর বাংলাদেশের সামনে একটি বড়ো সুযোগ।(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

**নিষিদ্ধ দলের কার্যক্রম চোখে পড়ে, এটা জাতির ব্যর্থতা : শেখ রবিউল**

নিষিদ্ধ একটি দলের কার্যক্রম বা তৎপরতা চোখে পড়া জাতির ব্যর্থতা বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। মঙ্গলবার (২৩ জুন) সকালে মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার চর গলগলিয়া এলাকায় রেলপথ মন্ত্রণালয়ের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচি শেষে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'জনআকাঙ্ক্ষা ও জনগণের প্রতিপক্ষ হয়ে কার্যক্রম পরিচালনা করতে গিয়ে একটি রাজনৈতিক দল আজ পরিত্যক্ত, জনগণ কর্তৃক বর্জিত এবং সর্বশেষ নিষিদ্ধ হয়েছে।" নিষিদ্ধ দলের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন করা হলে তিনি আরও বলেন, "নিষিদ্ধ সংগঠনের তৎপরতা চোখে পড়বে- এটা কাম্য নয়। একটি নিষিদ্ধ সংগঠনের তৎপরতা যদি চোখে পড়ে, এটা জাতির ব্যর্থতা।"

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

**'ক্রিয়েটেড ইন বাংলাদেশ' ব্র্যান্ডে সৃজনশীল অর্থনীতিতে গতি আনার উদ্যোগ**

বাংলাদেশের সৃজনশীল শিল্পকে কর্মসংস্থান, উদ্যোক্তা বিকাশ, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং জাতীয় ব্র্যান্ডিংয়ের একটি গুরুত্বপূর্ণ খাতে রূপান্তর করতে 'ক্রিয়েটেড ইন বাংলাদেশ' নামে একটি নতুন জাতীয় ব্র্যান্ড চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। জাতীয় বাজেট ২০২৬-২৭ অর্থবছরে (এফওয়াই২৭) এ উদ্যোগের কথা উল্লেখ করা হয়েছে, যেখানে সৃজনশীল অর্থনীতিকে মূলধারায় অন্তর্ভুক্ত করে মানবসম্পদ উন্নয়ন ও ভবিষ্যৎ কল্যাণের গুরুত্বপূর্ণ বিনিয়োগ হিসেবে বিবেচনা করা হচ্ছে। এই উদ্যোগের আওতায় 'ক্রিয়েটেড ইন বাংলাদেশ' ব্র্যান্ড আন্তর্জাতিক উৎসব ও বাজারে দেশের সৃজনশীল সম্ভাবনা তুলে ধরবে এবং দেশীয় সৃষ্টিশীল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে বৈশ্বিক বাজারে শক্ত অবস্থান গড়তে সহায়তা করবে। আমির খসরু মাহমুদ চৌধুরী বাজেট উপস্থাপনায় এ উদ্যোগের গুরুত্ব তুলে ধরে বলেন, 'ক্রিয়েটেড ইন বাংলাদেশ' নামে একটি জাতীয় ব্র্যান্ড চালু করা হবে, যা দেশের সৃজনশীল সম্ভাবনাকে আন্তর্জাতিক উৎসব ও বাজারে উপস্থাপন করবে। চলচ্চিত্র শিল্পের উন্নয়ন ও ওটিটি প্ল্যাটফর্মে সক্রিয় অংশগ্রহণের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন ও প্রযুক্তিনির্ভর স্টুডিও স্থাপন করা হবে। সরকারের লক্ষ্য হলো সৃজনশীল অর্থনীতির অবদান দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ১.৫ শতাংশে উন্নীত করা এবং এই খাতে ৫ লাখ নতুন কর্মসংস্থান সৃষ্টি করা। খাতটির সম্প্রসারণে প্রাথমিকভাবে ৩০০ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) খাত থেকে আরও ৫০০ কোটি টাকা সংগ্রহ করা হবে। এই কৌশলে বিনিয়োগ, অবকাঠামো উন্নয়ন, বাজারে প্রবেশাধিকার এবং কর-সুবিধাকে একত্র করে সৃজনশীল উদ্যোক্তা, কনটেন্ট নির্মাতা ও শিল্পীদের জন্য সহায়ক পরিবেশ তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। এ উদ্যোগের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে আধুনিক অবকাঠামো উন্নয়ন করা হবে। চলচ্চিত্র শিল্পের বিকাশ ও ওটিটি প্ল্যাটফর্মে অংশগ্রহণ বাড়াতে আন্তর্জাতিক মানসম্পন্ন ও প্রযুক্তিনির্ভর ফিল্ম স্টুডিও স্থাপন করা হবে। পাশাপাশি রাজধানীর পূর্বাচলে ১৬০ একর জমিতে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) মডেলে একটি বিশ্বমানের সেন্ট্রাল ক্রিয়েটিভ হাব গড়ে তোলা হবে। এর পাশাপাশি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও আঞ্চলিক ক্রিয়েটিভ হাব স্থাপন করা হবে। বাংলাদেশ শিশু একাডেমি ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির মধ্যেও এসব হাবের কার্যক্রম সম্প্রসারিত হবে। সরকার দেশীয় কনটেন্ট নির্মাতা ও প্রতিষ্ঠানগুলোকে আন্তর্জাতিক বাজারে প্রবেশে সহায়তা দেবে। গ্রামীণ পর্যায়ে হস্তশিল্প, তাঁতজাত পণ্য, শীতল পাটি ও অন্যান্য ঐতিহ্যবাহী পেশায় যুক্ত শিল্পীদের 'ওয়ান-ভিলেজ, ওয়ান-প্রোডাক্ট' উদ্যোগের আওতায় বৈশ্বিক ভ্যালু চেইনে যুক্ত করা হবে। খাতটিকে উৎসাহিত করতে বাজেটে কর-সুবিধার প্রস্তাব দেওয়া হয়েছে। কনটেন্ট নির্মাণ থেকে অর্জিত সব আয়কে সম্পূর্ণ আয়করমুক্ত করা হবে এবং কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সারদের সেবার ওপর বিদ্যমান ১৫ শতাংশ মূল্য সংযোজন কর (ভ্যাট) সম্পূর্ণ প্রত্যাহার করা হবে। উচ্চ প্রযুক্তির সিনেমাটোগ্রাফি ক্যামেরা ও যন্ত্রাংশের ওপর শুল্ক ১৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা এবং বাদ্যযন্ত্রের ওপর সব নিয়ন্ত্রণমূলক শুল্ক প্রত্যাহারের পরিকল্পনাও রয়েছে। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, সরকার সৃজনশীল অর্থনীতিকে বিশেষ গুরুত্ব দিচ্ছে এবং এটিকে কর্মসংস্থান, উদ্যোক্তা বিকাশ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ উৎস হিসেবে গড়ে তুলতে চায়। তিনি আরও বলেন, তরুণদের সৃজনশীলতা ও বুদ্ধিবৃত্তিক সম্ভাবনা কাজে লাগিয়ে একটি বৈশ্বিক প্রতিযোগিতামূলক 'ক্রিয়েটিভ ইকোনমি' গড়ে তুলতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এই সমন্বিত পদক্ষেপগুলো 'ক্রিয়েটেড ইন বাংলাদেশ' ব্র্যান্ডের অধীনে একটি বৈশ্বিক প্রতিযোগিতামূলক সৃজনশীল অর্থনীতি গড়ে তোলার কৌশলগত অগ্রযাত্রার ইঙ্গিত দিচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৬.২০২৬ এলিনা)

**ফ্যাসিবাদের পথে হাঁটছে বিএনপি : জামায়াত আমির**

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ফ্যাসিবাদের পথে হাঁটছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, "নির্বাচনের সময় তারা বলেছিল, নির্বাচিত হলে ফ্যাসিবাদের হাতে যতগুলো খুন হয়েছে, গুম হয়েছে, নির্যাতন হয়েছে, সবগুলার বিচার তারা করবে। কিন্তু ক্ষমতায় বসার পর এখন তাদের সুর পাল্টে গেছে। বিচার তো তারা করছে না।" তিনি আরও বলেন, "দুঃখজনক, এই দলটি নিজেরা নিজেদের কর্মীই খুন করছে। যাদের নিজেদের কর্মীদের সম্পর্কে নিজেদেরই কোনো দায় এবং দরদ থাকে না। ২০ কোটি মানুষের জন্য তাদের কী দায় এবং দরদ থাকবে? আমরা কোনো লক্ষণ দেখতে পাচ্ছি না।" ডা. শফিকুর

রহমান বলেন, "লজ্জার বিষয়, বিএনপি ফ্যাসিবাদ থেকে মুক্ত হওয়ার কথা বলে ঠিক ফ্যাসিবাদের রাজপথ ধরেই তারা এখন হাঁটা শুরু করেছেন।" ফ্যাসিবাদী আওয়ামী লীগের আমলে সংঘটিত গুম, খুন, ও গণহত্যার বিচারের দাবিতে মঙ্গলবার বিকেল ৫টায় রাজধানীর বিজয়নগরে **১১** দলের বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন জামায়াত আমির। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## জনগণের সক্রিয় অংশগ্রহণে সরকার ডেঙ্গু মোকাবিলা করবে : মির্জা ফখরুল

ডেঙ্গু প্রতিরোধে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানকে সমন্বিতভাবে কাজ করতে হবে বলে নির্দেশনা দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ডেঙ্গু মোকাবিলায় শুধু সরকারি উদ্যোগ নয়, জনগণের সচেতনতা ও সক্রিয় অংশগ্রহণও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন তিনি। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদসহ সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে আরো কার্যকরভাবে দায়িত্ব পালনের নির্দেশনা দেন তিনি। আজ সচিবালয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটির' প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সভায় প্রতিমন্ত্রী মীর শাহে আলমের তত্ত্বাবধানে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই টাস্কফোর্স মাঠপর্যায়ে ডেঙ্গু প্রতিরোধে সরকারের কার্যক্রম তদারকি করবে। টাস্কফোর্সটি মাঠপর্যায়ে কার্যক্রম তদারকি, প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান, বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয় বৃদ্ধি এবং জরুরি পদক্ষেপ বাস্তবায়নের দায়িত্ব পালন করবে। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## বিশ্বনেতাদের জলবায়ু সংক্রান্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান প্রধানমন্ত্রীর

জলবায়ু পরিবর্তনের প্রভাবে বিশ্বজুড়ে বিপন্ন লাখ লাখ মানুষের জীবন রক্ষায় বিশ্বনেতাদের জলবায়ু সংক্রান্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, এখন সময় এসেছে জলবায়ু সংক্রান্ত প্রতিশ্রুতিকে কাজে এবং অঙ্গীকারকে ফলাফলে পরিণত করার, যাতে বিশ্ব আত্মবিশ্বাসের সাথে ভবিষ্যৎকে আলিঙ্গন করতে পারে। আমরা আশা করি, কপ-**৩১** এই চ্যালেঞ্জ মোকাবিলা করবে এবং বাংলাদেশ তার ভূমিকা পালনে প্রস্তুত। আজ দালিয়ান ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের **১৭**তম 'অ্যানুয়াল মিটিং অব দ্য নিউ চ্যাম্পিয়ন্স'-এ 'শিফটিং গ্লোবাল ল্যান্ডস্কেপে ক্লাইমেট লিডারশিপ' শীর্ষক এক অধিবেশনে উদ্বোধনী বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ বিশ্বাস করে, জলবায়ু কার্যক্রম কোনো ব্যয় নয়, আমরা এটিকে সমৃদ্ধি, স্থিতিশীলতা এবং একটি যৌথ ভবিষ্যতের জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি বিনিয়োগ হিসেবে দেখি। আমরা এখানে উপস্থিত সকলে মিলে একটি সবুজ, নিরাপদ, টেকসই এবং আরও ন্যায়সঙ্গত ভবিষ্যৎ গড়তে পারি।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ার বন্ধুত্বে আমরা গভীরভাবে অভিভূত : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ায় তাঁর প্রথম বিদেশ সফরে উষ্ণ অভ্যর্থনা জানানোর জন্য সে দেশের সরকার ও জনগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি এই সৌজন্যকে দুই দেশের দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতিফলন হিসেবে অবহিত করেছেন। প্রধানমন্ত্রী আজ তাঁর দুইদিনের কুয়ালালামপুর সফর শেষে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে লিখেছেন, মালয়েশিয়ার সরকার ও বন্ধুপ্রতিম জনগণের পক্ষ থেকে প্রদত্ত বন্ধুত্ব, আন্তরিকতা ও সৌজন্যে আমরা গভীরভাবে অভিভূত। তিনি বলেন, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে তাঁর আলোচনায় বাংলাদেশ ও মালয়েশিয়ার দীর্ঘস্থায়ী সুসম্পর্ক পুনর্ব্যক্ত এবং বৃহত্তর সহযোগিতা, সমৃদ্ধি ও আঞ্চলিক অগ্রগতির প্রতি উভয়ের অঙ্গীকার সুদৃঢ় হয়েছে। তারেক রহমান আরো লিখেছেন, আমার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান এবং আমি মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ও তার মহীয়সী সহধর্মিণী দাতুক সেরি ড. ওয়ান আজিজাহ ওয়ান ইসমাইলের উষ্ণ অভ্যর্থনা ও আতিথেয়তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। তিনি বলেন, এটি এক অমূল্য সম্পর্ক, যার সূচনা হয়েছিল কয়েক দশক আগে, যখন আমার বাবা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশের রাষ্ট্রপতি এবং আমার মা বেগম খালেদা জিয়া প্রধানমন্ত্রী ছিলেন। মালয়েশিয়ার সঙ্গে সম্পর্কের গুরুত্ব তুলে ধরে তিনি লিখেছেন, বিভিন্ন ক্ষেত্রে এবং জীবনের সর্বস্তরে আমাদের দুই দেশের জনগণকে যে যুক্ত করে রেখেছে, তার জন্য আমরা গর্বিত। প্রধানমন্ত্রী তাদের বৈঠকের সময় প্রদর্শিত উষ্ণতা ও সৌজন্যের জন্য মালয়েশিয়ার রাজা সুলতান ইব্রাহিম ইবনি সুলতান ইস্কান্দারকেও আন্তরিক কৃতজ্ঞতা জানিয়েছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## ভূমিকম্প মোকাবিলায় রাজধানীর ৪৪৫টি নিরাপদ আশ্রয়স্থল চিহ্নিত : ত্রাণমন্ত্রী

ভূমিকম্পসহ নগর দুর্যোগের ঝুঁকি হ্রাস ও প্রস্তুতির অংশ হিসেবে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় ৪৪৫টি নিরাপদ আশ্রয়স্থল চিহ্নিত করা হয়েছে। একইসঙ্গে এগুলোকে আনুষ্ঠানিকভাবে 'ভূমিকম্পের নিরাপদ আশ্রয়স্থল' হিসেবে ঘোষণা করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে চিঠি পাঠানো হয়েছে। মঙ্গলবার জাতীয় সংসদে গোপালগঞ্জ-**১** আসনের সংসদ সদস্য সেলিমুজ্জামান মোল্লার এক প্রশ্নের জবাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল

হাবিব দুলু এ তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রশ্নোত্তর পর্বটি টেবিলে উত্থাপন করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনামন্ত্রী সংসদে জানান, চিহ্নিত ৪৪৫টি আশ্রয়স্থলের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় ওয়ার্ডভিত্তিক ২৫৬টি এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় ১৮৯টি স্থান রয়েছে। পাশাপাশি, বড়ো ধরনের দুর্যোগ-পরবর্তী উদ্ধারকাজ চালানোর জন্য ঢাকা মহানগর ও এর পার্শ্ববর্তী এলাকায় এক লাখ স্বেচ্ছাসেবক প্রস্তুত রাখার কাজ চলছে। এর অংশ হিসেবে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের আওতাধীন স্বেচ্ছাসেবকদের তথ্য সংগ্রহ করে একটি 'সমন্বিত স্বেচ্ছাসেবক ডেটাবেইস' তৈরির কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ ভূপ্রকৃতিগতভাবে ভূমিকম্প ও সুনামির ঝুঁকিপূর্ণ অঞ্চলের নিকটবর্তী অবস্থানে থাকায় সরকার এই দুর্যোগ মোকাবিলায় সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। মন্ত্রী জানান, দুর্যোগের আগাম তথ্য ও দ্রুত প্রচারের ব্যবস্থা শক্তিশালী করতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সংস্থাগুলোর সমন্বয়ে পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করা হয়েছে। এ ছাড়া ভবিষ্যতে ভূমিকম্প সহনশীল টেকসই অবকাঠামো নির্মাণ নিশ্চিত করতে 'বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড' কঠোরভাবে অনুসরণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

## দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভে ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে

দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভে ইতিবাচক ধারা বজায় রয়েছে। মাত্র একদিনের ব্যবধানে কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভের পরিমাণ আরও কিছুটা বেড়েছে। বর্তমানে দেশের মোট রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৩৫ দশমিক ৭৯ বিলিয়ন ডলারে। আজ মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান রিজার্ভের হালনাগাদ এই তথ্য নিশ্চিত করেছেন। কেন্দ্রীয় ব্যাংকের সবশেষ পরিসংখ্যান অনুযায়ী, আজ ২৩ জুন পর্যন্ত দেশের মোট বা গ্রস রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৫ হাজার ৭৯৮ দশমিক ১১ মিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি 'বিপিএম-৬' অনুসরণ করে গণনা করা রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩১ হাজার ২৪৪ দশমিক ২২ মিলিয়ন মার্কিন ডলারে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৬.২০২৬ আসাদ)

# BBC

## DROWNING DEATHS SOAR IN FRANCE AS EUROPE BUCKLES IN PEAK OF HEATWAVE

Forty people have drowned in heatwave-related deaths in France since last Thursday, Prime Minister Sebastien Lecornu has said, as temperatures hit record levels in several major cities and the heatwave reaches a peak in several European countries. "It's not something to be taken lightly, going swimming in unsupervised areas during a heatwave," Sports and Youth Minister Marina Ferrari told French radio. France, along with Spain and Italy, have been hardest hit by the heatwave so far. France saw its hottest June day on record on Monday and its hottest ever night on Monday night, with a minimum average of 21.6C according to Meteo France, and with well over half the country on red alert. Meanwhile, in Spain temperatures are set to peak above 40C in some areas, with red alerts in Andalusia in the south, and Cantabria and the Basque County in the north, on the third day of a national heatwave. (BBC News Web Page: 23/06/26, FARUK)

## IRAN SAYS NO NEW COMMITMENTS ON NUCLEAR SITES AFTER VANCE SAYS INSPECTORS TO BE INVITED BACK

Iran has denied a claim by Vice-President JD Vance that it will allow nuclear inspectors back into the country, after the first round of talks between Washington and Tehran to reach a final deal to end the war. Following negotiations in Switzerland, Vance said discussions with the International Atomic Energy Agency (IAEA) could be happening "as soon as today". But Iran's foreign ministry told state media that Tehran had made "no new commitments" on nuclear inspectors. It came as the US temporarily waived sanctions, allowing Iran to sell oil in US dollars for the first time in decades. In a joint statement released on Monday, mediators Qatar and Pakistan said that after the first round of talks in the Swiss resort of Burgenstock, the US and Iran had agreed to "a roadmap towards reaching a final deal within 60 days". Vance described the talks as having laid a "very good foundation".
(BBC News Web Page: 23/06/26, FARUK)

## TRUMP ANTICIPATES BETTER RELATIONSHIP WITH COLOMBIA UNDER NEW LEADER

US President Donald Trump has predicted a "much better relationship" between his government and Colombia after preliminary results suggested that the right-wing candidate Abelardo de la Espriella had won in Sunday's presidential run-off. The official, but not legally binding, preliminary vote count showed de la Espriella beating his left-wing rival, Ivan

Cepeda, by a razor-thin margin of less than one percentage point. Cepeda has not yet conceded, saying he would wait for the results to be cross checked, a process which usually takes several days. Trump had endorsed de la Espriella ahead of the run-off vote and derided Cepeda as a "radical Left Marxist". Speaking to reporters on Monday, Trump said that de la Espriella had "won easily", even though his lead of 0.96 percentage points in the preliminary count is the narrowest in recent Colombian history.
(BBC News Web Page: 23/06/26, FARUK)

**INQUIRY ORDERED AFTER BUILDING FIRE KILLS 15 IN NORTH INDIA CITY**

An inquiry has been ordered after at least 15 people died in a fire that broke out in a building in the northern Indian city of Lucknow on Monday. The building housed a pet shop and an animation centre. Witnesses described people jumping from windows and climbing down cables to escape, while rescue teams broke through a wall to save lives. The cause of the fire is yet to be ascertained. Authorities said the building lacked emergency exits and people got trapped inside as smoke spread. The tragedy has renewed concerns about fire safety in India's densely occupied commercial buildings, with several deadly blazes in recent months exposing violations of fire safety rules. "An inquiry has been initiated," Brajesh Pathak, deputy chief minister of Uttar Pradesh state, whose capital is Lucknow, told reporters.
(BBC News Web Page: 23/06/26, FARUK)

**MYANMAR ARMY KILLED OVER 700 CIVILIANS IN SIX MONTHS: UN**

Myanmar's military was responsible for more than 700 civilian deaths over the six-month election period last year, the UN says. A new report covering from August to January says credible sources have verified a minimum of 702 people were killed, including 224 women and 153 children. It covers the six months from when the military - who waged a coup five years ago - announced elections, a process widely derided as a sham due to main opposition parties being excluded. The report warns a "decline in international assistance is further compounding the suffering of millions of people". The Myanmar military launched its coup in 2021, sparking a civil war where thousands of people were killed and millions displaced. Large areas of the country remain under the control of armed opposition groups. The report, from the UN's Human Rights Office, states that air strikes "remained the single largest cause of destruction and suffering". The report also references abuse of Rohingya people who have been exposed to forced recruitment by the Arakan Army, as well as to killings, arbitrary arrests and sexual violence. (BBC News Web Page: 23/06/26, FARUK)

**IRISH GOVERNMENT TO CONTRIBUTE £197M TO CROSS-BORDER RAIL SERVICES**

The Irish government is to contribute €228m (£197m) towards improving rail services between Northern Ireland and the Republic of Ireland. Some €193m (£166m) will go towards the Londonderry-Belfast-Dublin rail infrastructure investment and a further £35m (£30m) will be spent on continuing hourly trains from Dublin to Belfast, which will see the service continue until at least 2030. The money will come from the last allocation from the Irish government's Shared Island Fund. It is part of a scheme which aims to fund cross-border projects that benefit people in both the Republic and Northern Ireland.
(BBC News Web Page: 23/06/26, FARUK)

## :: THE END ::